# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Srabon 05, 1433 Bangla, July 20, 2026, Monday, No. 195, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has directed to introduce automatic traffic light systems in 50 more locations across Dhaka to improve traffic management. [Jago FM: 15]

LGRD and Cooperatives Minister has said, confusion is being created centering implementation of July Charter. [Jago FM: 15]

Information and Broadcasting Minister has informed that govt.'s far-sighted and cost-effective policy has brought down the broadcasting cost of World Cup football - 2026 to almost zero. [R. Today: 20]

Home Minister has urged government officials and employees to discharge their duties with integrity and professionalism. [Jago FM: 11]

State Minister for Foreign Affairs has said, Bangladesh has started new journey to improve work environment. [Jago FM: 12]

Flood Forecasting & Warning Centre has warned of possible flash floods in country's 5 northern districts. [R. Today: 22]

International Labour Organization has assured continued cooperation in Bangladesh's labour sector. [R. Today: 24]

High Court has issued a rule to appoint female doms to conduct autopsies on bodies of women. [Jago FM: 20]

US and Iran have exchanged strikes after two us soldiers killed in jordan. [BBC: 08]

Spain has clinched title of World Cup football after 16 years beating Argentina by one goal to nil. [Jago FM: 20]

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**শ্রাবণ ০৫, বাংলা ১৪৩৩, জুলাই ২০, ২০২৬, সোমবার, নং- ১৯৫, ৫৬তম বছর**

# শিরোনাম

যানজট নিরসনে ঢাকার আরও ৫০টি গুরুত্বপূর্ণ পয়েন্টে অটোমেটিক ট্রাফিক লাইট সিস্টেম চালুর নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [জাগো এফএম: ১৫]

জুলাই সনদ বাস্তবায়ন নিয়ে বিভ্রান্তির চেষ্টা করা হচ্ছে, মন্তব্য এলজিআরডি ও সমবায় মন্ত্রীর।[জাগো এফএম: ১৫]

সরকারের দূরদর্শী ও সাশ্রয়ী নীতির ফলে এবারের বিশ্বকাপ ফুটবল সম্প্রচারের খরচ প্রায় শূন্যের কোঠায় নামিয়ে আনা সম্ভব হয়েছে, জানিয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী । [রে. টুডেঃ ২০]

সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সততা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান স্বরাষ্ট্রমন্ত্রীর। [জাগো এফএম: ১১]

কর্মপরিবেশ উন্নয়নে বাংলাদেশ নতুন যাত্রা শুরু করেছে বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী । [জাগো এফএম: ১২]

দেশের উত্তরাঞ্চলের পাঁচটি জেলায় আকস্মিক বন্যার সতর্কতা জারি করেছে পানি উন্নয়ন বোর্ড। [রে. টুডেঃ ২২]

বাংলাদেশের শ্রম খাতে সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস আন্তর্জাতিক শ্রম সংস্থার। [রে. টুডেঃ ২৪]

নারী মরদেহের ময়নাতদন্তে নারী ডোম নিয়োগ দিতে হাইকোর্টের রুল। [জাগো এফএম: ২০]

জর্ডানে দুই মার্কিন সেনা নিহত হওয়ার পর যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে পাল্টাপাল্টি হামলা। [বিবিসিঃ ০৮]

বিশ্বকাপ ফুটবলে আর্জেন্টিনাকে ১-০ গোলে হারিয়ে ১৬ বছর পর চ্যাম্পিয়ন স্পেন। [জাগো এফএম: ২০]

# বিবিসি

## 'আমরা বিপ্লব করি না, বিপ্লবে বিশ্বাসও করি না' : স্থানীয় সরকার মন্ত্রী

স্থানীয় সরকার মন্ত্রী ও বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, "বিএনপি কোনো বিপ্লবী দল নয়। আমরা বিপ্লব করি না, বিপ্লবে বিশ্বাসও করি না।„ রোববার জুলাইয়ের গণ-অভ্যুত্থান নিয়ে আয়োজিত এক অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। নির্বাচনের মধ্যে দিয়ে একটি গণতান্ত্রিক সরকার ক্ষমতায় এসেছে বলে উল্লেখ করেন তিনি। মি. আলমগীর বলেন, "আমরা খুব ভালো করেই জানি, এত অল্প সময়ের মধ্যে ১৫ বছরের যে লুটপাট, ধ্বংস, হত্যাযজ্ঞ সবকিছুকে শুধরে দেওয়া সম্ভব না। কিন্তু কাজটা শুরু হয়েছে। হয়ত অনেক অপূর্ণতা রয়েছে, অসঙ্গতি রয়েছে কিন্তু কাজটা শুরু হয়েছে। একেবারেই হয়নি এ কথা বলা যাবে না।„ তিনি বলেন, সরকার নিশ্চয়ই সেই রাষ্ট্র প্রতিষ্ঠা করতে সক্ষম হবে, যেখানে ন্যায়বিচার ও ইনসাফ প্রতিষ্ঠিত হবে। জুলাই সনদ নিয়ে মানুষকে বিভ্রান্ত করা হচ্ছে উল্লেখ করে মি. আলমগীর বলেন, "আমার খুব খারাপ লাগে যখন দেখি, কতগুলো বিষয় নিয়ে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করা হয়, সেটা হলো জুলাই সনদ নিয়ে। জুলাই সনদ এটা স্বাক্ষরিত যেটা এডমিট সেখানে কিন্তু পরিষ্কার করে বলা আছে, যে বিষয়গুলোতে আমরা একমত হতে পারছি না রাজনৈতিক দলগুলো তারা যদি নির্বাচনের মধ্যদিয়ে রাষ্ট্র পরিচালনার দায়িত্বে যায় তাহলে তাদের পেরিফেরি অনুযায়ী তারা কাজ করবে।„

(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৭.২০২৬ নারগীস)

## ডেস্কটপে ফেসবুক ব্যবহারে হঠাৎ বিভ্রাট

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক ডেস্কটপে ব্যবহারে বিপাকে পড়েছেন বাংলাদেশের ব্যবহারকারীরা। তবে, মোবাইলে ফেসবুক ব্যবহারে কোনো সমস্যা হচ্ছে না। রোববার দুপুর থেকে এই বিভ্রাট দেখা গেছে। ব্যবহারকারীরা ডেস্কটপে ফেসবুক ব্যবহার করতে গেলে অ্যাকাউন্ট টেম্পরারিলি আনএভেইলেবল লেখা দেখাচ্ছে। এতে বলা হচ্ছে, "ইয়োর একাউন্ট ইজ কারেন্টলি আনএভেইলেবল ডিউ টু এ সাইট ইস্যু। উই এক্সপেক্ট দিস টু বি রিসলভড শর্টলি। প্লিজ ট্রাই এগেইন ইন এ ফিউ মিনিটস।„ অর্থাৎ, অ্যাকাউন্টটি সাময়িকভাবে ব্যবহার করা যাচ্ছে না। "সাইট সংক্রান্ত সমস্যার কারণে আপনার অ্যাকাউন্টটি বর্তমানে ব্যবহার করা যাচ্ছে না। শীঘ্রই এই সমস্যার সমাধান হয়ে যাবে বলে আশা করা হচ্ছে। অনুগ্রহ করে কয়েক মিনিট পর আবার চেষ্টা করুন।„ তবে, বেলা ১টা থেকে এই প্রতিবেদন লেখার সময় সাড়ে ৩টা পর্যন্ত ডেস্কটপে ফেসবুক ব্যবহার করা যাচ্ছিল না। এর আগে, গত মাসেও ফেসবুক ব্যবহারে এমন সমস্যায় পড়েছিল বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশের ব্যবহারকারীরা।

(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৭.২০২৬ আলী আহমেদ)

## সাবেক ভূমিমন্ত্রীর গুলশানের দুই ফ্ল্যাট নিয়ন্ত্রণে নিয়েছে দুদক

ঢাকার গুলশানে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদের দুইটি ফ্ল্যাট ক্রোকের অংশ হিসেবে সেখানে থাকা সামগ্রীর তালিকা তৈরির কাজ শুরু করেছে দুর্নীতি দমন কমিশন। ঢাকার একটি বিচারিক আদালতের নির্দেশে এই কাজ শুরু হয়েছে। দুদকের জনসংযোগ কর্মকর্তা ও উপ-পরিচালক আকতারুল ইসলাম বিবিসি বাংলাকে এই তথ্যের সত্যতা নিশ্চিত করেছেন। মি. ইসলাম বলেন, "আদালতের নির্দেশে নির্বাহী ম্যাজিস্ট্রেট, দুদকের তদন্ত কর্মকর্তা, সম্পদ ব্যবস্থাপনা বিভাগের কর্মকর্তা, গুলশান থানা পুলিশের যৌথ টিম গুলশানের দুইটি ফ্ল্যাটের তালা ভেঙে সব সামগ্রী, মালামালের ইনভেন্টরি তৈরির কাজ করছে।„ রোববার সকালে সাড়ে দশটা নাগাদ নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে দুদকের উপ-পরিচালক মশিউর রহমানের নেতৃত্বে এই কাজ শুরু করা হয়েছে। গুলশানের ৬৬ নম্বর সড়কের নর্থওয়েস্ট(বি) ব্লকের ১১ নম্বর প্লটে ফ্ল্যাট দুইটির অবস্থান। এর মধ্যে এ-৭ নম্বর ফ্ল্যাটের আয়তন তিন হাজার ৭৪৭ বর্গফুট এবং বি-৭ নম্বর ফ্ল্যাটের আয়তন তিন হাজার ৮৩২ বর্গফুট। দুইটি ফ্ল্যাটের মোট আয়তন সাত হাজার ৫৭৯ বর্গফুট। ২০২৫ সালের ১৮ নভেম্বর মি. চৌধুরীর এই ফ্ল্যাট দুইটি ক্রোকের আদেশ দেন ঢাকা মহানগর জ্যেষ্ঠ বিশেষ জজ আদালত। আদালতের আদেশে দুদকের সম্পদ ব্যবস্থাপনা ইউনিটের পরিচালককে ফ্ল্যাট দুটির নিয়ন্ত্রণে নেওয়ার দায়িত্ব দেওয়া হয়। তবে এগুলো তালা বন্ধ থাকার কারণে তিনি সেখানে ঢুকতে পারছিলেন না। পরে দুদকের করা আরেকটি আবেদনের প্রেক্ষিতে ২৯ এপ্রিল তালা খুলে নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে তাকে ওই ফ্ল্যাট দুটিতে প্রবেশ ও মালামালের তালিকা তৈরির অনুমতি দেওয়া হয়। একইসঙ্গে সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী এবং ভবনটির ব্যবস্থাপক ইমরান হোসেনকেও নির্ধারিত সময়ে উপস্থিত থাকতে বলা হয়। চলতি বছরের ১৩ জানুয়ারি দুদকের আবেদনে মি. চৌধুরীর যুক্তরাষ্ট্র, সংযুক্ত আরব আমিরাত, ফিলিপিন্স, মালয়েশিয়া, কম্বোডিয়া, ভারত, থাইল্যান্ড ও ভিয়েতনামে থাকা ৩৩০টি বাড়ি, ফ্ল্যাট ও অ্যাপার্টমেন্ট জব্দের আদেশ দেন আদালত। (বিবিসি ওয়েব পেজ : ১৯.০৭.২০২৬ আলী আহমেদ)

## সাবেক ভূমিমন্ত্রীর গুলশানের দুই ফ্ল্যাটে তিনশোর বেশি কোট, পাঁচশোর বেশি টাই ও রোলেক্স ঘড়ি

সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদের গুলশানের দুইটি ফ্ল্যাটে শতশত কোট ও টাই পাওয়া গেছে বলে জানিয়েছে দুর্নীতি দমন কমিশন। ফ্ল্যাট দুটি ক্রোকের অংশ হিসেবে মালামালের তালিকা তৈরির কাজ করার সময় এসব সামগ্রী নথিবদ্ধ করেছে দুদক। দুদক কর্মকর্তারা জানিয়েছেন, আগামীকালও এই কাজ চলবে, তারপর চূড়ান্ত তালিকা পাওয়া যাবে। সাবেক ভূমিমন্ত্রীর ফ্ল্যাট দুইটিতে প্রথমদিন দুদক যেসব সামগ্রী পেয়েছে তার মধ্যে তিন শতাধিক কোট, পাঁচশ ৩২টির বেশি টাই রয়েছে। এছাড়াও আটটি ঘড়ির বক্স এর মধ্যে চারটি রোলেক্স ব্রান্ডের ঘড়ি, তিন সেট মুক্তার গহনা, চারটি ঝাড়বাতি, একাধিক বিছানা, সোফা এবং একশোটির বেশি কামিজ নথিভুক্ত করেছে দুদকের সম্পদ ব্যবস্থাপনা বিভাগের দল।(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৭.২০২৬ আলী আহমেদ)

## শাপলা চত্বরে হেফাজতের সমাবেশ ঘিরে মানবতাবিরোধী অপরাধ মামলার খসড়া প্রতিবেদন জমা

মতিঝিলের শাপলা চত্বরে হেফাজতে ইসলামের সমাবেশকে ঘিরে তের বছর আগে সংঘটিত `হত্যা ও মানবতাবিরোধী অপরাধের, অভিযোগে করা মামলার খসড়া তদন্ত প্রতিবেদন প্রসিকিউশনের কাছে জমা দিয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থা। দুপুরে ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম এক ব্রিফিং-এ খসড়া প্রতিবেদন হাতে পাওয়ার কথা জানিয়েছেন। তিনি বলেছেন, ”২০১৩ সালের পাঁচই মে শাপলা চত্বরের যে নারকীয় হত্যাকাণ্ড সংঘটিত হয়েছিল। সেই বর্বরোচিত হত্যাকাণ্ডের দীর্ঘদিন যাবত আমাদের তদন্ত সংস্থা ইনভেস্টিগেশন করেছে। ইনভেস্টিগেশন শেষে চিফ প্রসিকিউটরের কার্যালয়ে একটা খসড়া রিপোর্ট তারা সাবমিট করেছে। সেই খসড়া রিপোর্টটা এখন চিফ প্রসিকিউটর পর্যালোচনা করবেন।„ চিফ প্রসিকিউটর বলেন, ”আমরা মনে করেছি, যাতে একটি সঠিক তদন্ত হয়, একটা স্বচ্ছ বিচার হয় এবং প্রকৃত আসামি যারা তারা যাতে বিচারের সম্মুখীন হয়। খসড়া রিপোর্টটি আমরা পর্যালোচনা করে দেখছি, হয়তো শিগগির আমাদের কাছে পূর্ণাঙ্গ রিপোর্ট আসবে, আসার পরে আমি বাদী হয়ে একটা ফরমাল চার্জ দাখিল করবো এবং স্বাভাবিকভাবে বিচার শুরু হবে।„ তবে, আসামিদের পূর্ণাঙ্গ তালিকা প্রকাশ করতে চাননি চিফ প্রসিকিউটর। ”শেখ হাসিনার বিরুদ্ধে প্রাথমিক প্রতিবেদন পাওয়া গেছে। সেখানে পুলিশ প্রধান, বিজিবি প্রধানসহ এইরকম কয়েকজন আমরা মোটাদাগে বলতেই পারি তাদের বিরুদ্ধে একটা খসড়া রিপোর্ট এসছে। সেটা আমরা যাচাই-বাছাই করে দেখবো„ বলেন মি. ইসলাম। হেফাজতে ইসলামের অন্যতম একজন নেতা আজিজুল হক ইসলামাবাদী মামলাটি করেছেন। প্রসিকিউশনের আমন্ত্রণে মামুনুল হক ও আজিজুল হক ইসলামাবাদীসহ হেফাজতের কেয়কজন নেতা আজ মামলাটির অগ্রগতি জানতে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে যান। তারা চিফ প্রসিকিউটরের সঙ্গে বৈঠক করেন। প্রসঙ্গত, ব্লগারদের শাস্তির দাবিতে ২০১৩ সালের ৫ মে মতিঝিলে সমাবেশ ডাকে হেফাজতে ইসলাম। সেদিন সেই সমাবেশ ঘিরে হত্যাকাণ্ডের অভিযোগে মামলার তদন্ত এখন শেষপর্যায়ে এসেছে বলে আইনজীবীরা জানিয়েছেন।(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৭.২০২৬ আলী আহমেদ)

## ভিসানীতিতে পরিবর্তন- জটিলতায় পড়তে পারেন যুক্তরাষ্ট্রে পড়তে যাওয়া বাংলাদেশি শিক্ষার্থীরা?

বিদেশে উচ্চশিক্ষার জন্য বাংলাদেশসহ বিশ্বের বহু দেশের শিক্ষার্থীদেরই পছন্দের তালিকায় শীর্ষে থাকে যুক্তরাষ্ট্র। কিন্তু এবার শিক্ষার্থীদের জন্যও ভিসানীতি ও দেশটিতে অবস্থানের নিয়ম কঠোর করার যে ঘোষণা দিয়েছে ট্রাম্প প্রশাসন, তা নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে। নতুন নীতি অনুযায়ী, বিদেশি শিক্ষার্থীদের যুক্তরাষ্ট্রে থাকার সময়সীমা নির্ধারণের পাশাপাশি শিক্ষাপ্রতিষ্ঠান পরিবর্তন, অ্যাকাডেমিক কার্যক্রম বদল এবং পড়াশোনা শেষ করার পর দেশটিতে অবস্থানের সুযোগও সীমিত করা হচ্ছে। এই নিয়ম কার্যকর হলে দীর্ঘমেয়াদি কোর্সের, যেমন- পিএইচডি, গবেষণা বা চার বছরের বেশি সময় লাগে- এমন শিক্ষার্থীরা জটিলতায় পড়তে পারেন। কারণ আবেদন করলেই তাদের দেশটিতে থাকার মেয়াদ বাড়বে, এমন নিশ্চয়তা নেই। এদিকে, মার্কিন হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ জানিয়েছে, সেপ্টেম্বর থেকে কার্যকর হতে যাওয়া এই নীতিমালা ”ভিসার ব্যাপক অপব্যবহার প্রতিরোধের„ পাশাপাশি নিয়মিত যাচাই-বাছাইয়ের মাধ্যমে ”জাতীয় নিরাপত্তা জোরদার করবে।„

### কী কী পরিবর্তন আনা হয়েছে?

শিক্ষার্থীদের ভিসানীতিতে মোটা দাগে পাঁচ থেকে ছয়টি পরিবর্তন আনা হয়েছে। এর মাঝে একটি হলো- এখন থেকে চার বছর মেয়েদি ভিসা দেবে যুক্তরাষ্ট্র। আগে এই ভিসার মেয়াদ ছিল পাঁচ বছর। সেইসাথে, 'ডিউরেশন অব স্ট্যাটাস'-ও চার বছরের জন্য করা হয়েছে। কারও যদি বেশি সময় লাগে, তাহলে তাকে 'এক্সটেনশনের' জন্য আবেদন করতে হবে। কিন্তু যুক্তরাষ্ট্রের শিক্ষার্থী ভিসার ক্ষেত্রে এতদিন পর্যন্ত সময় বাড়ানোর ক্ষমতা ছিল ডিএসও'দের (ডেজিগনেটেড স্কুল অফিশিয়াল) হাতে। ডিএসও হলেন কোনো বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠানের অনুমোদিত কর্মকর্তা, যিনি আন্তর্জাতিক শিক্ষার্থীদের বিষয়গুলো পরিচালনা করেন। এর আগে, এফ-১ শিক্ষার্থী ভিসা এবং জে-১ এক্সচেঞ্জ ভিসাধারী বিদেশি শিক্ষার্থীরা 'ডিউরেশন অব স্ট্যাটাস' শর্তে যুক্তরাষ্ট্রে প্রবেশের অনুমতি পেতেন। এর অর্থ ছিল, ডিগ্রি সম্পন্ন করতে যত সময় লাগবে, ততদিন তারা দেশটিতে থাকতে পারবেন। কিন্তু নতুন নীতি সেই অবস্থানের ওপর নির্দিষ্ট সময়সীমা আরোপ করেছে। প্রস্তাবিত নতুন নিয়মগুলোর একটি গুরুত্বপূর্ণ হলো,

এই ডিএসও'দের ক্ষমতা সীমিত করার কথা বলা হয়েছে। এখন থেকে সরাসরি যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি'র (ডিএইচএস) অধীন সংস্থা ইউএসসিআইএস (ইউএস সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস) এ বিষয়টি দেখ-ভাল করবে। ইউএসসিআইএসের কাজ হলো দেশটির অভিবাসন, নাগরিকত্ব সংক্রান্ত আবেদন এবং বিভিন্ন ভিসা সংক্রান্ত প্রক্রিয়া পরিচালনা করে। অর্থাৎ, নতুন নীতি অনুযায়ী, এখন থেকে ফেডারেল সরকারের অনুমতি ছাড়া বিদেশি শিক্ষার্থীরা চার বছরের বেশি সময় যুক্তরাষ্ট্রে থাকতে পারবে না। এর বাইরে আরও তিনটি পরিবর্তন আনা হয়েছে। তার মাঝে উল্লেখযোগ্য হলো- শিক্ষার্থীদের অ্যাকাডেমিক কার্যক্রম পরিবর্তন এবং বিশ্ববিদ্যালয় ও কলেজের মধ্যে স্থানান্তরের সুযোগও সীমিত করা হবে। আর, কোর্স শেষ করার পর ৩০ দিনের মধ্যে যুক্তরাষ্ট্র ত্যাগ করতে হবে তাদের। অর্থাৎ ভিসা অন্য কোনো শ্রেণিতে পরিবর্তনের জন্যও তারা এতটুকু সময়ই পাবেন। আগে এই সময়সীমা ছিল ৬০ দিনের। এই সময়কে গ্রেস পিরিয়ড বলে। অর্থাৎ, পড়াশোনা শেষ হওয়ার পর একজন শিক্ষার্থীকে পরবর্তী ৩০ দিনের মধ্যেই সিদ্ধান্ত নিতে হবে যে, তিনি দেশে ফিরে যাবেন কি না, নাকি নতুন প্রোগ্রামে ভর্তি হবেন বা অন্য ভিসার জন্য আবেদন করবেন। এছাড়া, "আগের নিয়মে যারা এখন পাঁচ বছরের ভিসা নিয়ে যুক্তরাষ্ট্রে আছেন, তাদেরটাও বর্তমান সিস্টেমে ট্রান্জিশন হয়ে যাবে,„ বিবিসি বাংলাকে বলছিলেন বাংলাদেশি বংশোদ্ভূত মার্কিন আইনজীবী রাজু মহাজন।

**যুক্তরাষ্ট্রে থাকা বাংলাদেশি শিক্ষার্থীদের প্রতিক্রিয়া**

নতুন ভিসানীতি নিয়ে শিক্ষার্থীরা কী ভাবছেন- জানতে যুক্তরাষ্ট্রে লেখাপড়া করছেন এমন কয়েকজন বাংলাদেশি শিক্ষার্থীর সঙ্গে কথা হয়। বর্ণনা ভৌমিক স্নাতকোত্তর পড়তে গতবছর যুক্তরাষ্ট্রে গেছেন। তিনি বলছিলেন, "কিছুদিন পর পর এখানে নিয়ম পরিবর্তন হচ্ছে, তাই পুরো বিষয়টা নিয়ে আমরা একটু চিন্তিত যে, কী হবে।„ "কিন্তু আমি যতটুকু বুঝি, নিয়ম পরিবর্তন হলেও যারা রেগুলার স্টুডেন্ট, তাদের খুব একটা সমস্যা হওয়ার কথা না। আর, আমেরিকান ভিসা পলিসি তো সবসময়ই এরকম পরিবর্তন হয়।„ "তারাই বিপদে পড়বে, যারা এনরোল্ড না। যারা হয়ত পড়াশুনা বাদ দিয়ে অন্য কোনো স্ট্যাটাসে চলে গেছে। অথবা, এক প্রোগ্রামে এসে অন্য প্রোগ্রামে চলে গেছে,„ এখন পর্যন্ত এমনটাই ধারণা পাওয়া যাচ্ছে বলে তিনি বলছিলেন তিনি। যুক্তরাষ্ট্রে বর্তমানে পিএইচডি করছেন শাহরিয়ার নোবেল, যিনি বিবিসি বাংলাকে বলছিলেন যে মার্কিন সরকার এই নিয়মটি করেছেই, যাতে এখানে স্থায়ীভাবে থাকাকে নিরুৎসাহিত করা যায়। "যারা এফ-১ ভিসাকে ব্যবহার করে অন্যকিছু করে, এরাই বিপদে পড়বে। কিন্তু যারা আসলেই বৈধভাবে থাকে, পড়াশোনা করে, তাদের জন্য এটা ভালো হয়েছে। আগে অনিয়ম হতো, সেটা বন্ধ হবে। যোগ্যতার ভিত্তিতে পড়ার রাস্তাগুলো খুলবে এতে।„

**কারা বেশি জটিলতায় পড়তে পারেন?**

যুক্তরাষ্ট্রের স্নাতক পর্যায়ের অধিকাংশ কোর্স চার বছরের হলেও ডক্টরেটসহ স্নাতকোত্তর পর্যায়ের অনেক কোর্স সম্পন্ন করতে সাধারণত আরও বেশি সময় লাগে। আর বিদেশি শিক্ষার্থীদের বেশিরভাগই স্নাতকোত্তর পর্যায়ের কোর্সে ভর্তি হন। এসব কোর্সে গবেষণা শেষ করে গবেষণাপত্র প্রকাশ করতে সাধারণত বেশি সময় প্রয়োজন হয়। সেইসাথে, গবেষণার অর্থায়নে ঘাটতি, কোর্সে বিরতি, কোর্স পরিবর্তন বা ব্যক্তিগত পরিস্থিতির কারণেও পড়াশোনার সময়কাল প্রায়ই দীর্ঘায়িত হতে পারে। তাই, নতুন নিয়মের প্রভাব সবচেয়ে বেশি পড়তে পারেন পিএইচডি ও দীর্ঘমেয়াদি গবেষণা কার্যক্রমে থাকা শিক্ষার্থীদের ওপর। তবে আইনজীবী রাজু মহাজন মনে করেন, এতে খুব একটা সমস্যা হবে না। তার ভাষায়, "পিএইচডি প্রোগ্রাম এমনিতে পাঁচ বছর বলা হলেও রিয়েল লাইফে এটা শেষ করতে অনেকেরই ছয়-সাত বছর লেগে যায়। নতুন নিয়মে তারা চার বছরের ভিসা নিয়ে আসবে এবং চার বছর পর ভিসা শেষ হওয়ার আগে আগেই ভিসার মেয়াদ বাড়ানোর জন্য আবেদন করবে। এই এক্সটেনশন আগেও হতো।„ আগে বিশ্ববিদ্যালয়ের ডিএসও'র মাধ্যমে এক্সটেনশন হতো। সুপারভাইজার বা অধ্যাপক সুপারিশপত্র দিতেন, এরপর প্রক্রিয়াটি সম্পন্ন হয়ে যেত। নতুন নিয়মে এই আবেদন করতে হবে যুক্তরাষ্ট্রের ফেডারেল সরকারের কাছে। তারা আবেদনকারীর নথিপত্র যাচাই করে অনুমোদন বা প্রত্যাখ্যানের সিদ্ধান্ত নেবে। "যারা প্রকৃত শিক্ষার্থী এবং নিয়ম মেনে পড়াশোনা করছেন, তাদের অ্যাপ্রুভাল চলে আসবে। কিন্তু যারা পড়াশোনা না করে অন্য কাজে যুক্ত আছেন বা স্টুডেন্ট স্ট্যাটাসের অপব্যবহার করছেন, তাদের জন্যই ঝুঁকি বাড়বে,„ বলেন তিনি। মাস্টার্স শিক্ষার্থীদের ক্ষেত্রেও একই বিষয় প্রযোজ্য বলে জানান রাজু মহাজন। "চার বছরের ভিসা মূলত যুক্তরাষ্ট্রে প্রবেশ ও বের হওয়ার অনুমতির জন্য। অন্যদিকে শিক্ষার্থীর স্ট্যাটাস আলাদা বিষয়। আগের সিস্টেমে শিক্ষার্থীরা পাঁচ বছরের ভিসা পেলেও, দুই বছরে মাস্টার্স করতে আসতো। মাস্টার্স শেষে সে পিএইচডিতে এনরোল হতো। যদিও ভিসা আছে তিন বছরের, এতে সমস্যা হতো না। এখনো হবে না,„ বলেন তিনি।

ভিসানীতির অপব্যবহারের যে কারণ দেখিয়ে যুক্তরাষ্ট্র সরকার এসব নিয়ম আরোপ করেছে, এর বাইরে আরেকটি কারণ হতে পারে আসন্ন নির্বাচন- মনে করছেন মি. মহাজন। "নভেম্বরে এখানে নির্বাচন আছে। আর ইরান যুদ্ধ, ট্যারিফ (শুল্ক) ও মূল্যস্ফীতিসহ বিভিন্ন ইস্যুতে বর্তমানে রিপাবলিকান পার্টি কিছুটা চাপে আছে। স্বাভাবিকভাবেই তারা তাদের

ভোটারদের খুশি করতে চেষ্টা করবে। সেজন্যই একের পর এক ঘোষণা দিচ্ছে। কিন্তু এগুলোর বেশিরভাগই দীর্ঘমেয়াদে হয়ত টিকবে না,, বলেন তিনি। তার মতে, শিক্ষার্থীদের ক্ষেত্রে ঘোষিত পরিবর্তনের কিছু অংশ হয়ত কার্যকর থাকবে, তবে বেশিরভাগই শেষ পর্যন্ত বহাল না-ও থাকতে পারে।

**পড়াশোনার পর কাজের সুযোগেও কি প্রভাব পড়বে?**

যুক্তরাষ্ট্রে স্নাতক, স্নাতকোত্তর, অ্যাসোসিয়েট বা পিএইচডি শেষ করার পর আন্তর্জাতিক শিক্ষার্থীরা 'অপশনাল প্র্যাকটিক্যাল ট্রেনিং' বা ওপিটির আওতায় নির্দিষ্ট সময় কাজের অনুমতি পান। বর্তমান নিয়ম অনুযায়ী, স্টেম (বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল ও গণিত) বিষয়ের শিক্ষার্থীরা সর্বোচ্চ তিন বছর এবং নন-স্টেম (বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল ও গণিতের বাইরের) বিষয়ের শিক্ষার্থীরা এক বছর পর্যন্ত ওপিটির সুযোগ পান। রাজু মহাজন বলেন, গ্র্যাজুয়েশন শেষ হওয়ার ৯০ দিন আগে ওটিপি'র আবেদন করা যায়। আবেদন অনুমোদনের পরবর্তী ৬০ দিনের মধ্যে চাকরি খুঁজে নিতে হয়। "অধিকাংশ শিক্ষার্থী আগেই চাকরি খুঁজে রাখে। তবে নির্ধারিত সময়ের মধ্যে চাকরি না পেলে ওটিপি'র সুবিধা হারানোর ঝুঁকি থাকে,, বলেন তিনি। তবে ৩০ দিনের গ্রেস পিরিয়ড নিয়ে রাজু মহাজন বলেন, মার্কিন শিক্ষার্থী ভিসা ব্যবস্থায় বিভিন্ন ধরনের গ্রেস পিরিয়ডের বিধান রয়েছে। নতুন নিয়মে এর মধ্যে কেবল একটি পরিবর্তনের কথা বলা হয়েছে। "তারা যেভাবে বলেছে, তাতে মনে হচ্ছে যে, অ্যাকাডেমিক প্রোগ্রাম শেষ হওয়ার পরে যে গ্রেস পিরিয়ড...আপনি আর পড়াশুনাও করবেন না, চাকরিও করবেন না, দেশে চলে যাবেন, তাদের জন্য এটা ৩০ দিন করা হলো। অন্য গ্রেস পিরিয়ড নিয়ে কছু বলেনি।, সবমিলিয়ে, নতুন নিয়মে যে-সব পরিবর্তন আনা হয়েছে, তার বেশিরভাগই মূলত স্টুডেন্ট ভিসার অপব্যবহার ঠেকানোর উদ্দেশ্যে বলে জানান তিনি। "যারা স্টুডেন্ট ভিসায় এসে প্রকৃতপক্ষে পড়াশোনা না করে অন্য কাজে যুক্ত থাকে, কিংবা শুধু ভিসার স্ট্যাটাস ধরে রাখতে একের পর এক বিশ্ববিদ্যালয় বা প্রোগ্রাম পরিবর্তন করে, তাদের ওপরই নতুন নিয়মের প্রভাব বেশি পড়বে,, বলেন তিনি। তবে তিনি এও বলেন, গত দুই বছরে দেশটিতে ভিসা সংক্রান্ত একের পর এক নীতিগত পরিবর্তন আনা হলেও, সেগুলোর অনেকগুলোই আদালতে চ্যালেঞ্জের মুখে পড়ে স্থগিত বা বাতিল হয়েছে।

**কঠোর হয়েছে অভিবাসন নীতিও**

ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয়বার ক্ষমতায় আসার পর থেকে যুক্তরাষ্ট্রে অবৈধ অভিবাসনের পাশাপাশি বৈধ অভিবাসন নিয়ন্ত্রণেও কঠোর অবস্থান নিয়েছেন। কিছু অভিজাত কলেজে বিদেশি শিক্ষার্থীর সংখ্যা সীমিত করার চেষ্টা করেছে ট্রাম্প প্রশাসন। একইসাথে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রনীতির সমালোচক শিক্ষার্থীদের ভিসা বাতিলের উদ্যোগও নিয়েছে। এছাড়া, আগে থেকেই শিক্ষার্থী ভিসার প্রক্রিয়াকে আগের চেয়ে কঠোর করছে দেশটি। বিশেষ করে গতবছর জুনে ট্রাম্প প্রশাসন ভিসা আবেদনকারীদের জন্য সামাজিক যোগাযোগমাধ্যম যাচাইয়ের নিয়ম আরও কঠোর করে। সে সময় যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর আবেদনকারীদের সামাজিক যোগাযোগমাধ্যমের সব অ্যাকাউন্ট 'পাবলিক' রাখতে বলে, যাতে কনস্যুলার কর্মকর্তারা তাদের অনলাইন উপস্থিতি পর্যালোচনা করতে পারেন। এছাড়া, বাংলাদেশসহ ৭৫টি দেশের অভিবাসীদের জন্য অনির্দিষ্টকালের জন্য অভিবাসন ভিসা প্রক্রিয়াকরণ স্থগিত করে ট্রাম্প প্রশাসন, যা গত ২১ জানুয়ারি থেকে কার্যকর হয়। আবার, প্রায় একই সময়ে বাংলাদেশসহ ৩৮টি দেশের নাগরিকদের যুক্তরাষ্ট্রের ভিসা পাওয়ার জন্য পাঁচ থেকে ১৫ হাজার ডলার পর্যন্ত 'ভিসা বন্ড' বা জামানত জমার পদ্ধতিও চালু করা হয়।

(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৭.২০২৬ নারগীস)

## জামায়াত জোট থেকে কি কওমি ধারার দলগুলো বেরিয়ে যাচ্ছে

বাংলাদেশে কওমি মাদ্রাসাভিত্তিক সংগঠন হেফাজতে ইসলামের উদ্যোগে কওমি ধারার কয়েকটি রাজনৈতিক দলের একজোট হওয়ার চেষ্টার খবর রাজনৈতিক অঙ্গনে কৌতূহল ও আলোচনার জন্ম দিয়েছে। কারণ উদ্যোগটি চূড়ান্তভাবে বাস্তবায়িত হলে এখনকার বিরোধীদল জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন ১১-দলীয় জোটে থাকা এ ধরনের দলগুলোর জোট থেকে বেরিয়ে যাওয়ার মতো পরিস্থিতি তৈরি হতে পারে। জামায়াত জোটে থাকা কওমি ধারার দলগুলো নিজেদের মধ্যে আলোচনার কথা স্বীকার করেছেন। তবে তারা বলছেন, এখনি জোট থেকে বেরিয়ে যাওয়া কিংবা নতুন জোট করার চিন্তা তারা করছেন না। জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ বলছেন, বিএনপি ও সরকার তাদের 'জোট নিয়ে ষড়যন্ত্র' করছেন বলে মনে করেন তারা। তবে এতে ১১-দলীয় জোটের কোনো ক্ষতি হবে বলে তারা মনে করছেন না। বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা রুহুল কবির রিজভী জামায়াত-জোট নিয়ে ষড়যন্ত্র বা চক্রান্তের অভিযোগ প্রত্যাখ্যান করেছেন। তবে তিনি বলেছেন, রাজনৈতিক কৌশলে বিএনপি যদি অন্য রাজনৈতিক দলকে কাছে টানতে পারে তাতে দোষের কিছু নেই।

বাংলাদেশের গত ফেব্রুয়ারির সংসদ নির্বাচনের আগে 'ওয়ান বক্স পলিসি' অর্থাৎ ইসলামি দলগুলোর এক বাক্সে ভোট- এই স্লোগান নিয়ে জামায়াতে ও ইসলামী আন্দোলনসহ কয়েকটি ধর্মভিত্তিক দল আসন সমঝোতার মোর্চা গঠন করে জোট হিসেবে যাত্রা শুরু করেছিল। পরে গত বছরের শেষে এনসিপি, আমার বাংলাদেশ পার্টি (এবি পার্টি) ও লিবারেল ডেমোক্রেটিক পার্টি (এলডিপি) জোটে যোগ দিলে এটি ১১-দলীয় জোটে রূপ নেয়। নির্বাচনের আগে জুলাই সনদ ও

সংস্কার বাস্তবায়নের দাবিতে আন্দোলনেও নেমেছিল ওই মোর্চা। পরে নির্বাচনের তফসিল ঘোষণা হলে তারা আন্দোলন থেকে সরে এসে নির্বাচনি তৎপরতা শুরু করে। রাজনৈতিক বিশ্লেষক ও দৈনিক নয়াদিগন্তের সম্পাদক সালাহউদ্দিন মুহাম্মদ বাবর বলছেন, কওমি ধারার দলগুলোর নিজেদের মধ্যে মতপার্থক্য এত ব্যাপক যে, তারা শেষ পর্যন্ত কতটা একমত হতে পারে, সেই প্রশ্ন আছে। "তারা এক হয়ে মূলধারার রাজনীতিতে জায়গা করে নিতে চাইতে পারে। কিন্তু বহুভাগে বিভক্ত দলগুলোর মধ্যে চিন্তার পার্থক্য অত্যন্ত তীব্র। সেজন্য তাদের ঐক্য প্রক্রিয়া কতদূর এগুতে পারে, সেই কৌতূহল থাকবে। আবার এটি কারও ইন্ধনে হচ্ছে কি-না সেটি পরিষ্কার হতেও সময় লাগবে,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি।

**কওমি ধারার জোট নিয়ে কী হচ্ছে**

কওমি মাদ্রাসাভিত্তিক সংগঠন ও কওমি ধারার রাজনৈতিক দলগুলোর কয়েকটির নেতাদের সাথে আলাপ করে যে ধারণা পাওয়া গেছে সেটি হলো- নির্বাচনের পর থেকেই এ ধরনের দলগুলোর সঙ্গে সরকারি দল বিএনপি নেতাদের কেউ কেউ সম্পর্ক বাড়ানোর অনানুষ্ঠানিক কিছু উদ্যোগ নেয়। অন্যদিকে নির্বাচনের ফল নিয়েও কওমি ধারার দলগুলোর মধ্যেও অস্বস্তি তৈরি হয়েছিল, কারণ তারা মনে করে আলাদা তিন ভাগ হয়ে নির্বাচনে যাওয়ায় ধর্মভিত্তিক এসব দল নির্বাচনে প্রত্যাশিত সাফল্য পায়নি। এর আগে, বাংলাদেশে ইসলাম ধর্মভিত্তিক দলগুলোর ভোট এক বাক্সে আনার লক্ষ্য নিয়ে একটি জোট গঠনের উদ্যোগ শুরু হয়েছিল ২০২৪ সালের আগস্টে শেখ হাসিনা সরকারের পতনের পরপরই এবং জামায়াতে ইসলামীর দিক থেকেই এ উদ্যোগটি তখন নেওয়া হয়েছিল। এরপর ২০২৫ সালের জানুয়ারিতে বরিশালের চরমোনাইয়ে গিয়ে চরমোনাই পীর হিসেবে পরিচিত ইসলামী আন্দোলন বাংলাদেশ-এর আমির সৈয়দ মুহাম্মদ রেজাউল করিমের সাথে জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমানের 'সৌজন্য সাক্ষাতের, ঘটনা তখন ব্যাপক আলোচনায় এসেছিল। মূলত এর ধারাবাহিকতাতেই নির্বাচনে আসন সমঝোতার মোর্চা গঠন করেছিল জামায়াত, ইসলামী আন্দোলনসহ আটটি ইসলামি দল। কিন্তু পরে নির্বাচন এগিয়ে আসার সাথে সাথে বিএনপির দিক থেকে ধর্মভিত্তিক দলগুলোর সঙ্গে যোগাযোগ বাড়ানো হয়। শেষ পর্যন্ত নির্বাচনের মাসখানেক আগে চলতি বছরের শুরুতে জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন '১১ দলীয় নির্বাচনি ঐক্য' থেকে বেরিয়ে যাওয়ার ঘোষণা দেয় বাংলাদেশ ইসলামী আন্দোলন। শেষ পর্যন্ত তারা আলাদাভাবেই নির্বাচনে অংশ নেয়।

কওমি ধারার দলগুলোও এই নির্বাচনে মূলত তিন ভাগ হয়ে অংশ নিয়েছে। এতে জামায়াতে ইসলামীর জোটে থেকে যায় খেলাফত মজলিসের দুই অংশ ও নেজামে ইসলাম। আর বিএনপির সাথে গিয়ে চারটি আসনে বিএনপির সমর্থন পায় জমিয়ত উলামায়ে বাংলাদেশ। সংসদে এখন বাংলাদেশ খেলাফত মজলিসের দু-জন ও খেলাফত মজলিশের অন্য অংশের একজন সদস্য আছেন। দুটি দলই জামায়াতের জোটে আছে। এই জোটে থাকা অন্য দল নেজামে ইসলামের কাউকে নির্বাচনে প্রার্থী করা হয়নি। কওমি দলগুলোর নেতারা বলছেন, নির্বাচনের পরে বিএনপির দিক থেকে তাদের সাথে যোগাযোগ বাড়ানো হয়েছে। আবার বড়ো কওমি মাদ্রাসাগুলো জামায়াতের সমর্থন বাড়ানোর চেষ্টা নিয়ে উদ্বিগ্ন হয়ে পড়েছে কিছু কওমি ধারার দল। এমন প্রেক্ষাপটে কওমি ধারার দলগুলোকে এক ধারায় আনার জন্য হেফাজতে ইসলামের আমীর একটি উদ্যোগ নিয়েছেন বলে জানিয়েছেন সংগঠনটির যুগ্ম মহাসচিব আজিজুল হক ইসলামাবাদী। সেই উদ্যোগের অংশ হিসেবে গত বৃহস্পতিবার কওমি ঘরানার সাতটি দলকে নিয়ে সভা করেন হেফাজতের আমির শাহ মুহিব্বুল্লাহ বাবুনগরী। এতে বিএনপি জোটে থাকা জমিয়তে উলামায়ে ইসলাম, জামায়াত জোটে থাকা বাংলাদেশ খেলাফত মজলিশ, নেজামে ইসলাম ও খেলাফত মজলিশ ছাড়াও ইসলামি আন্দোলন, খেলাফত আন্দোলন ও ইসলামী ঐক্যজোট প্রতিনিধিরা যোগ দিয়েছিলেন। মূলত এরপরই রাজনৈতিক অঙ্গনে আলোচনা তৈরি হয় যে, জামায়াত নেতৃত্বাধীন ১১-দলীয় জোটে থাকা দলগুলো জোট থেকে বেরিয়ে যাচ্ছে। আজিজুল হক ইসলামাবাদী বলছেন, দলগুলো ঐক্যবদ্ধ হওয়ার জন্য নীতিগতভাবে একমত হয়েছে। "হেফাজতে ইসলামের আমীর নির্বাচনের আগেই কওমি ধারার দলগুলোকে এক করার চেষ্টা করেছিলেন। কিন্তু রাজনৈতিক কারণে একেক দল একেক দিকে গেছে। এখন সবাই নীতিগতভাবে সম্মত হয়েছে যে, সাত দল আগামীতে এক সাথে বসবো,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি। বাংলাদেশ খেলাফত মজলিশের মুখপাত্র ও যুগ্ম মহাসচিব জালালুদ্দীন আহমদ বলছেন, তারা জামায়াত জোটে আছেন এবং সেই জোট ছাড়ার কোনো চিন্তা এখনো তারা করেননি। "আমাদের বৈঠকটা ছিল পরস্পর যাতে আরও কাছে আসা যায়, নিজেদের মধ্যকার দূরত্ব যেন কমানো যায়। নীতিগতভাবে একসাথে চলার সিদ্ধান্ত হয়েছে। সাত দলকেই প্রস্তাব দিতে বলা হয়েছে। হয়ত ইস্যুভিত্তিক ঐক্যও হতে পারে। ১১-দলীয় জোটে থাকা কিংবা না-থাকা আমাদের রাজনৈতিক সিদ্ধান্ত। আমরা মনে করি রাজনৈতিক সিদ্ধান্ত সব দলের নিজের মতোই নেওয়া উচিত,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। তবে জামায়াতে ইসলামীর অনেকের ধারণা, তাদের জোট থেকে কওমি ধারার দলগুলোকে বের করে নেওয়ার একটি চেষ্টা হচ্ছে এবং তারা মনে করেন এই চেষ্টার পেছনে সরকারের হাত আছে। "আমাদের মনে হয়, এটা বিএনপি ও সরকারের ষড়যন্ত্র। তবে আমাদের জোটে যারা আছেন, তারা কেউ আমাদের জোট ছাড়ার কথা বলেননি। আমার মনে হয়, তারা জোটেই থাকবেন। জোটের ভেতরে কোনো সমস্যা বা দূরত্ব হলে সেটি আমরা আলোচনা

করেই নিরসন করবো। কওমি ধারার দলগুলোর উদ্যোগ নিয়ে জামায়াতে ইসলামী বা জোটের উদ্বিগ্ন হওয়ার কিছু আছে বলে মনে হয় না,„ বিবিসি বাংলাকে বলেছেন জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ। তবে কওমি ধারার দলগুলোকে জামায়াত জোট থেকে বের করার জন্য সরকার বা বিএনপি ষড়যন্ত্র করছে- এমন অভিযোগ প্রত্যাখ্যান করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। ”আমরা কেন ষড়যন্ত্র চক্রান্ত করতে যাবো। রাজনীতিতে কৌশল ও নীতি বলতে একটা বিষয় আছে। বিএনপি যদি তার নীতি ও কৌশল দিয়ে অন্য দলকে কাছে টানতে পারে, তাহলে সমস্যা কোথায়। কোনো দল তাতে একমত হলে অসুবিধা কোথায়। এখানে গোপন তো কিছু নেই,„ বিবিসি বাংলাকে বলেছেন তিনি। তবে বিএনপি জামায়াত জোটে থাকা কওমি ধারার দলগুলোকে নিজের দিকে আনার চেষ্টা করছে কি-না তার কোনো সরাসরি জবাব মি. রিজভী দেননি।

(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৭.২০২৬ নারগীস)

## জর্ডানে ইরানের হামলায় ২ মার্কিন সৈন্য নিহত, নিখোঁজ ১ জন

জর্ডানে শুক্রবার ইরানের ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলায় দুইজন মার্কিন সেনাসদস্য নিহত হয়েছেন এবং আরও একজন এখনো নিখোঁজ রয়েছেন বলে মার্কিন সামরিক কর্মকর্তারা জানিয়েছেন। মার্কিন সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) জানিয়েছে যে, চারজন মার্কিন সেনাসদস্যকে চিকিৎসার জন্য জর্ডানের একটি হাসপাতালে নেওয়া হয়েছিল এবং তারা চিকিৎসা শেষে ছাড়পত্র পেয়েছেন। এছাড়া যাদের আঘাত তুলনামূলকভাবে কম ছিল, তারা আবার কাজে ফিরে গেছেন। মার্কিন সামরিক কর্মকর্তারা তাদের নিহত সেনাসদস্যদের পরিচয় প্রকাশ করেননি। এছাড়া ঘটনাটি কীভাবে বা ঠিক কোথায় ঘটেছে, সে সম্পর্কেও কোনো বিস্তারিত তথ্য দেওয়া হয়নি। শনিবার রাতে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নির্দেশে যুক্তরাষ্ট্র ইরানের বিরুদ্ধে আরেক দফা বিমান হামলা চালায় বলে সেন্টকম জানিয়েছে। বিবৃতিতে বলা হয়েছে, টানা অষ্টম রাতের এই হামলার উদ্দেশ্য হলো হরমুজ প্রণালিতে বাণিজ্যিক জাহাজ চলাচলের জন্য হুমকি সৃষ্টি করার ইরানের সক্ষমতাকে আরও দুর্বল করা। বিবৃতিতে আরও বলা হয়, এই হামলার লক্ষ্য ছিল 'গত রাতে জর্ডানে মার্কিন সেনাসদস্যদের ওপর হামলা চালানো ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর বা আইআরজিসি বাহিনীকে দ্রুত শাস্তি দেওয়া'। তবে এ বিষয়ে আর কোনো বিস্তারিত তথ্য প্রকাশ করা হয়নি।

(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৭.২০২৬ নারগীস)

## জর্ডানে দুই মার্কিন সেনা নিহত হওয়ার পর যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে পাল্টাপাল্টি হামলা

ইরানের উপকূলীয় নজরদারি এবং বিমান প্রতিরক্ষা ব্যবস্থাগুলোকে লক্ষ্যবস্তু করে শনিবার রাতে দেশটির ওপর আরেক দফা বিমান হামলা চালানো হয়েছে বলে জানিয়েছেন মার্কিন সামরিক কর্মকর্তারা। ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম জানিয়েছে, হরমুজ প্রণালিতে অবস্থিত কেশম দ্বীপে হামলা করা হয়েছে। মার্কিন সেন্টকম জানিয়েছে, ইরানের রেভল্যুশনারি গার্ডস কোরকে লক্ষ্য করেও তারা হামলা চালিয়েছে। গত শুক্রবার জর্ডানে হামলায় দুই মার্কিন সেনাকে হত্যার অভিযোগে দেশটিতে হামলা চালানো হয়েছে। সেখানে আরো একজন মার্কিন সেনা এখনও নিখোঁজ রয়েছেন। এই সবশেষ হামলার জবাবে ইরানের সেনাবাহিনী জানিয়েছে, কুয়েতে দুইটি মার্কিন ঘাঁটিতে ড্রোন হামলা চালিয়েছে তারা। অন্যদিকে বাহরাইনও আকাশপথের কয়েকটি হামলা প্রতিহত করার কথা জানিয়েছে। আইআরজিসি রোববার জানিয়েছে, হরমুজ প্রণালি পার না হতে ইরানের দেওয়া সতর্কতা উপেক্ষা করেছিল দুইটি জাহাজ, এর ফলে সেগুলো একটি ”দুর্ঘটনার„ শিকার হয়েছে। তারা সতর্ক করে দিয়েছে, যেসব জাহাজ আমেরিকার দ্বারা ”প্রভাবিত„ হবে এবং ”অনিরাপদ রুট ব্যবহার করবে„ তারা ”অবশ্যই দুর্ঘটনার মুখোমুখি হবে।„ রোববার সকালে আম্মানে অবস্থিত মার্কিন দূতাবাস জানিয়েছে, একটি ”সুনির্দিষ্ট এবং বিশ্বাসযোগ্য হুমকির„ কারণে জর্ডান কর্তৃপক্ষ দেশটির দক্ষিণাঞ্চলীয় শহর আকাবার আন্তর্জাতিক বিমানবন্দর এবং সমুদ্রবন্দর খালি করে দিয়েছে।

(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৭.২০২৬ নারগীস)

## তেহরানে যুদ্ধে মৃতের সংখ্যা ৫০- এ পৌঁছেছে : স্বাস্থ্য মন্ত্রণালয়

ইরানের স্বাস্থ্য মন্ত্রণালয়ের পাবলিক রিলেশনস সেন্টারের প্রধান হোসেইন কেরমানপুর সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স এ লিখেছেন, ”১৮ জুলাই সকাল সাতটা পর্যন্ত, মার্কিন বিমান হামলায় ৫১৭ জন আহত এবং ৫০ জনেরও বেশি শহিদ হয়েছেন।„ মি. কেরমানপুর জানিয়েছেন, নিহতদের মধ্যে পাঁচজন নারী ও দু-জনের বয়স ১৮ বছরের কম। একইসঙ্গে আহতদের মধ্যে ৩৫ জন নারী এবং ১৯ জনের বয়স ১৮ বছরের কম। তিনি আরো লিখেছেন, ”চিকিৎসা শেষে ৪৬৮ জনকে ছেড়ে দেওয়া হয়েছে এবং ৩৩ জন হাসপাতালে চিকিৎসাধীন আছেন।„

(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৭.২০২৬ নারগীস)

# রেডিও তেহরান

## বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে স্থবির হয়ে পড়া যৌথ বাণিজ্য পুনরুজ্জীবিত করার সিদ্ধান্ত নেওয়া হয়

গত জুনের শেষ সপ্তাহে ঢাকায় বাংলাদেশ ও পাকিস্তানের কর্মকর্তাদের মধ্যে অনুষ্ঠিত দুটি গুরুত্বপূর্ণ বৈঠকে খাদ্যপণ্য, সার ও পাটখাতে সহযোগিতা বাড়ানোর পাশাপাশি স্থবির হয়ে থাকা যৌথ বাণিজ্য কার্যকরী দল পুনরুজ্জীবিত করার সিদ্ধান্ত নেওয়া হয়। একইসঙ্গে সরকার টু সরকার ভিত্তিতে খাদ্যপণ্য আমদানি-রপ্তানির একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়টিও চূড়ান্ত পর্যায়ে রয়েছে। বিশ্লেষকদের মতে, দীর্ঘদিনের স্থবির সম্পর্কের পর এটি দুই দেশের অর্থনৈতিক সহযোগিতাই একটি গুরুত্বপূর্ণ অগ্রগতি। বর্তমানে বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্যের পরিমাণ বছরে এক বিলিয়ন মার্কিন ডলারেরও কম। ২০২৪ সালে পাকিস্তান বাংলাদেশে প্রায় ৭৭৮ মিলিয়ন ডলারের পণ্য রপ্তানি করলেও বাংলাদেশ পাকিস্তানের রপ্তানি করেছে মাত্র ৪৬ মিলিয়ন ডলারের পণ্য। এই বড়ো বাণিজ্য ঘাটতি সম্পর্কে সীমাবদ্ধতাকে স্পষ্ট করলেও বিশেষজ্ঞদের মতে, এটি স্থায়ী বাস্তবতা নয় বরং দুই দেশের মধ্যে বিশাল সম্ভাবনার ইঙ্গিত দেয়। পাকিস্তানী শিল্প বিশ্লেষকদের ধারণা, শুধু পাকিস্তানের রপ্তানি সম্ভাবনাই প্রায় তিন বিলিয়ন ডলার পর্যন্ত পৌঁছাতে পারে। বিশেষ করে বস্ত্র, কৃষিপণ্য, রাসায়নিক এবং সিমেন্ট খাতে এই সম্ভাবনা রয়েছে। অন্যদিকে বাংলাদেশও পাট, পাটজাতপণ্য, চামড়াজাত সামগ্রী, কৃষি পণ্য ও ঔষধ শিল্পে রপ্তানি বাড়ানোর সুযোগ পেতে পারে। অতীতে পাকিস্তানে বাংলাদেশের রপ্তানির বড়ো অংশই ছিল পাট ও পাটজাত আঁশ। ২০২০ সালের তথ্য অনুযায়ী, পাকিস্তানের বাংলাদেশ থেকে আমদানি প্রায় ৭৫ শতাংশই ছিল এই একক পণ্য খাত থেকে। তবে বর্তমানে উভয় দেশই খাদ্যপণ্য, ঔষধ, সারসহ নতুন নতুন খাতে বাণিজ্য সম্প্রসারণের কথা বলছে, যা দীর্ঘমেয়াদে বাণিজ্যের বৈচিত্র্য বাড়াতে সহায়ক হতে পারে। তবে সম্ভাবনা বাস্তবায়নের ক্ষেত্রে বেশ কিছু বাস্তব প্রতিবন্ধকতা রয়েছে। দুই দেশের মধ্যে পর্যাপ্ত পরিবহণ ব্যবস্থা, বন্দর সুবিধা এবং বাজারের চাহিদা নিশ্চিত না হলে সম্ভাব্য তিন বিলিয়ন ডলারের বাণিজ্য বাস্তবে রূপ নেওয়া কঠিন। প্রয়োজনীয় অবকাঠামো ও প্রশাসনিক সহায়তা ছাড়া এসব চুক্তি কাগজেই সীমাবদ্ধ থাকার ঝুঁকি রয়েছে এবং মাত্র এক বছরের মধ্যে সব বাধা দূর করা বাস্তবসম্মত নয়।

বাংলাদেশ ও পাকিস্তানের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি নিয়ে আলোচনা প্রথম শুরু হয় ২০০২ সালে। কিন্তু শুল্ক কমানোর সময়সীমা ও পারস্পরিক সুবিধা নিয়ে মতপার্থক্যের কারণেই তা আর বাস্তবায়ন হয়নি। এখন পরিস্থিতি বদলেছে। ২০২৬ সালে বাংলাদেশের স্বল্পোন্নত দেশের মর্যাদা থেকে উত্তরণের ফলে অনেক আন্তর্জাতিক বাজারে বিদ্যমান শুল্ক সুবিধা কমে যেতে পারে। ফলে নতুন বাজার ও নতুন বাণিজ্যিক অংশীদার খুঁজে বের করার প্রয়োজনীয়তা বেড়েছে। সেই প্রেক্ষাপটে পাকিস্তানের সঙ্গে অর্থনৈতিক সম্পর্ক জোরদার করার নতুন সুযোগ তৈরি হয়েছে। এলডিসি থেকে উত্তরণ নির্ভর করে মাথাপিছু দ্বিপাক্ষিক বাণিজ্যের একমাত্র বাণিজ্য চালিকাশক্তি হিসেবে দেখা ঠিক নয়। এলডিসির উত্তরণকে দ্বিপাক্ষিক বাণিজ্যের একমাত্র চালিকাশক্তি হিসেবে দেখা ঠিক নয়। এলিডিসি থেকে উত্তরণ নির্ভর করে মাথাপিছু আয়, কর্মসংস্থান, শিক্ষা, স্বাস্থ্য ও সামগ্রিক অর্থনীতিক সূচকের উপর। বাণিজ্য উন্নয়নের একটি উপাদান হলেও যদি আমদানি রপ্তানির তুলনায় বেশি হয়, তাহলে তা কেবল বাণিজ্য ঘাটতি বাড়াবে। তাই বাংলাদেশের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো , এই বাণিজ্য থেকে প্রকৃত অর্থনৈতিক সুবিধা নিশ্চিত করা। দুই দেশের পুন রুজ্জীবিত যৌথ কার্যকরী দল বাণিজ্যের পথে থাকা বিভিন্ন বাধা দূর করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। অতীতে পাকিস্তান বাংলাদেশের হাইড্রোজেন পারঅক্সাইডের উপর এন্টি -ডাম্পিং শুল্ক আরোপ করেছিল, যা নিয়ে দীর্ঘদিন বিরোধ ছিল। এছাড়া চট্টগ্রাম বন্দরের জটিলতা , কঠোর ভিসা ব্যবস্থা এবং সরাসরি জাহাজ চলাচলের অভা বও বাণিজ্যের বড়ো প্রতিবন্ধক হিসেবে চিহ্নিত হয়েছে। এসব সমস্যার সমাধানে পূর্ণাঙ্গ মুক্ত বাণিজ্য চুক্তির প্রয়োজন নেই। বরং প্রশাসনিক ও নীতিগত উদ্যোগের মাধ্যমেই দ্রুত অগ্রগতি সম্ভব। সরাসরি নৌকা পথ না থাকা এবং দুর্বল লজিস্টিক ব্যবস্থা এখনো বড়ো বাধা।

দক্ষিণ এশিয়ার আঞ্চলিক বাণিজ্যকে কার্যকর করতে হলে রাজনৈতিক মতপার্থক্য কমিয়ে অর্থনৈতিক সহযোগিতাকে অগ্রাধিকার দিতে হবে। দুই দেশের মধ্যে মাননিয়ন্ত্রণ সংস্থাগুলোর পারস্পরিক স্বীকৃতি ইতোমধ্যেই রয়েছে, যা খাদ্য ও অন্যান্য পণ্যের মান যাচাই সহজ করতে পারে। এখন প্রয়োজন এই কাঠামোকে কার্যকরভাবে ব্যবহার করা এবং ব্যবসায়ীদের জন্য বাস্তব সুবিধা নিশ্চিত করা । অর্থনীতিবিদদের মতে , ভবিষ্যতের বাণিজ্য অবশ্যই উভয় দেশের তুলনামূলক সুবিধা সম্পন্ন পণ্যের উপর ভিত্তি করে গড়ে তুলতে হবে। কোন পণ্য রপ্তানি ও কোন পণ্য আমদানি লাভজনক হবে, তা আগে ব্যয় সুবিধা বিশ্লেষণের মাধ্যমে নির্ধারণ করা জরু রি। তৃতীয় দেশের বন্দর ব্যবহার করতে হলে পরিবহণ ব্যয় বেড়ে যাবে , যা প্রতিযোগিতামূলক সক্ষমতা কমিয়ে দিতে পারে। পাকিস্তানে তৈরি পোশাক রপ্তানি করার সুযোগ সীমিত। কারণ দেশটির নিজস্ব শক্তিশালী গার্মেন্টস শিল্প রয়েছে । বরং বাংলাদেশকে চামড়াজাত পণ্য , পাট ও পাটজাত বহুমুখী পণ্য , কৃষি পণ্য এবং কিছু বিশেষ শিল্প পণ্যের দিকে বেশি গুরুত্ব দিতে হবে। একইসঙ্গে খাদ্যশস্য ও কিছু রাসায়নিক পণ্য পাকিস্তান থেকে আমদানির সুযোগ রয়েছে। সব মিলিয়ে খাদ্য , বাণিজ্য চুক্তি পুনরুজ্জীবিত যৌথ কা র্যকারী দল , বিদ্যমান মাননিয়ন্ত্রণ সহযোগিতা এবং দুই দেশের নতুন রাজনৈতিক সদিচ্ছা -

এই সবই একটি ইতিবাচক ভিত্তি তৈরি করেছে। তবে এই সম্ভাবনাকে বাস্তবে রূপ দিতে হলে শুল্ক ও অশুল্ক বাধা দূর করা, সরাসরি যোগাযোগ ব্যবস্থা উন্নত করা , বন্দর ও পরিবহ ণ অবকাঠামো শক্তিশালী করা এবং উভয় দেশের জন্য লাভজনক খাতগুলোকে অগ্রাধিকার দিতে হবে। কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করা গেলে বাংলাদেশ-পাকিস্তান বাণিজ্যিক সম্পর্ক আগামী কয়েক বছরে নতুন উচ্চতায় পৌঁছতে পারে। (রেডিও তেহরান : ১৯.০৭.২০২৬ এলিনা, রুবাইয়া)

## কুয়েতে অবস্থিত দুটি গুরুত্বপূর্ণ মার্কিন ঘাঁটিতে ইরানি সেনাবাহিনীর ড্রোন হামলা

ইসলামী প্রজাতন্ত্র ইরান সেনাবাহিনীর জনসংযোগ দপ্তর এক বিবৃতিতে জানিয়েছে, সেনাবাহিনীর বিধ্বংসী ড্রোন কুয়েতে অবস্থিত দুটি গুরুত্বপূর্ণ মার্কিন ঘাঁটিতে হামলা চালিয়েছে। মেহর নিউজ এজেন্সিকে উদ্ধৃত করে পার্সটুডে জানিয়েছে, ইসলামী প্রজাতন্ত্র ইরান সেনাবাহিনীর জনসংযোগ দপ্তর এক বিবৃতিতে বলেছে, শত্রুর বারবার আগ্রাসন, আমাদের প্রিয় দেশবাসীর শাহাদাত এবং ইরানের সেতু, অবকাঠামো ও বেসামরিক এলাকায় আক্রমণের জবাবে, কয়েক ঘণ্টা আগে এবং `অপারেশন লাইটনিং,-এর ষোড়শ পর্বে, ইসলামী প্রজাতন্ত্র ইরান সেনাবাহিনী কুয়েতের আল-আদিরি ক্যাম্পে অবস্থিত সন্ত্রাসী মার্কিন সেনাবাহিনীর গোলাবারুদের ডিপো এবং আলি আল-সালেম ঘাঁটিতে অবস্থিত এই আগ্রাসী সেনাবাহিনীর প্যাট্রিয়ট রাডার ও এয়ার রাডারকে লক্ষ্য করে ব্যাপক বিধ্বংসী ড্রোন হামলা চালিয়েছে। আল-উদিরি ক্যাম্প এই অঞ্চলে মার্কিন সন্ত্রাসী সেনাবাহিনীর অন্যতম গুরুত্বপূর্ণ ঘাঁটি, যা ইসলামী প্রজাতন্ত্র ইরানের সীমান্ত থেকে ১০৪ কিলোমিটার দূরে অবস্থিত এবং এটি মার্কিন বাহিনীকে সমর্থন ও পুনর্গঠনের একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র। এই ঘাঁটির কার্যক্রম ব্যাহত হলে এই অঞ্চলে সেনাবাহিনীর সহায়তা কার্যক্রমের উপর উল্লেখযোগ্য প্রভাব পড়বে। আলি আল-সালেম বিমান ঘাঁটিও একটি গুরুত্বপূর্ণ ঘাঁটি, যা পশ্চিম এশিয়া অঞ্চলে সামরিক বাহিনীর জন্য প্রধান বিমান পরিবহন কেন্দ্র এবং প্রবেশদ্বার হিসেবে কাজ করে এবং এই অঞ্চলে আগ্রাসী মার্কিন সেনাবাহিনীর সামরিক ও রসদ সরবরাহ কৌশলে এটি একটি মুখ্য ভূমিকা পালন করে। ইসলামী প্রজাতন্ত্র ইরানের সেনাবাহিনী, সেতু, অবকাঠামো ও বেসামরিক স্থাপনার উপর শত্রুর হামলা এবং নিরীহ মানুষের শাহাদাতের নিন্দা জানিয়ে বলেছে, ইনশাল্লাহ, প্রিয় ইমাম খামেনেয়ি-এর নেতৃত্বে এবং নিবেদিতপ্রাণ সশস্ত্র বাহিনীর ঐক্য ও সংহতি, অবিচল জাতি এবং সহানুভূতিশীল সরকারের অধীনে আমরা এই ধূর্ত শত্রুকে পরাজিত করতে পারব।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ১৯.০৭.২০২৬ আলী আহমেদ)

## মার্কিন সেনাদের নিহতের ঘটনা অত্যন্ত দুঃখজনক : ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জর্ডানে মার্কিন সেনাদের নিহত হওয়ার ঘটনায় প্রথম প্রতিক্রিয়ায় কেবল গভীর শোক প্রকাশ করেছেন। নিউজনেশন নেটওয়ার্কের এক সাংবাদিক ট্রাম্পকে জিজ্ঞাসা করেন, ইরান যে ঘোষণা দিয়েছে তারা আর `সমঝোতা চুক্তি, মেনে চলবে না- এ বিষয়ে তার প্রতিক্রিয়া কী? জবাবে ট্রাম্প বলেন, "এটা আমার কাছে মোটেও গুরুত্বপূর্ণ নয়।„ ইরানের হামলায় দুই মার্কিন সেনা নিহত হওয়ার ঘটনায় প্রথম প্রতিক্রিয়ায় ট্রাম্প এ ঘটনাকে "অত্যন্ত দুঃখজনক„ বলে আখ্যায়িত করেন। তিনি বলেন, "এটি অত্যন্ত দুঃখজনক। সত্যিই এটি খুবই মর্মান্তিক একটি ঘটনা। এমন ঘটনা ঘটায় আমরা দুঃখিত। তারা আমাদের দেশের সেবায় নিয়োজিত ছিলেন।„ এর কয়েক ঘণ্টা আগে যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) এক বিবৃতিতে জানায়, শুক্রবার জর্ডানে যুক্তরাষ্ট্রের সামরিক ঘাঁটিগুলোতে ইরানের ক্ষেপণাস্ত্র হামলায় দুই মার্কিন সেনা নিহত, একজন এখনো নিখোঁজ এবং চারজন আহত হয়েছেন। আহতদের জর্ডানের বিভিন্নথ্য হাসপাতালে স্থানান্তর করা হয়েছে।(রেডিও তেহরান ওয়েব পেজ : ১৯.০৭.২০২৬ আলী আহমেদ)

## এ মুহূর্তে আলোচনার কোনো সুযোগ নেই, অগ্রাধিকার দেশের প্রতিরক্ষা : ইরানের উপ-পররাষ্ট্রমন্ত্রী

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের উপমন্ত্রী বলেছেন, আপাতত কোনো আলোচনার সম্ভাবনা নেই এবং বর্তমানে ইরানের প্রধান অগ্রাধিকার হলো দেশের প্রতিরক্ষা। পার্সটুডের খবরে বলা হয়েছে, ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের আইন ও আন্তর্জাতিকবিষয়ক উপমন্ত্রী কাজেম গারিবাবাদি যুক্তরাষ্ট্রের সঙ্গে ভবিষ্যৎ আলোচনা সম্পর্কে এক প্রশ্নের জবাবে বলেন, "আমরা আলোচনায় ছিলাম, কিন্তু দুর্ভাগ্যজনকভাবে যুক্তরাষ্ট্রই ইসলামাবাদ সমঝোতা স্মারকের অধীনে নিজেদের প্রতিশ্রুতি লঙ্ঘন করে এসব আগ্রাসী পদক্ষেপ নিয়েছে।„ তিনি আরও বলেন, "বর্তমানে আমরা দেশের দৃঢ় প্রতিরক্ষার মুখোমুখি রয়েছি এবং যুক্তরাষ্ট্রও ইতোমধ্যে বুঝে গেছে যে, এ ধরনের আগ্রাসী কর্মকাণ্ড কোনো ফল বয়ে আনবে না। তারা যদি বিচক্ষণ হয়, তবে তাদের অন্য পথ বেছে নেওয়া উচিত।„ ইরানের উপপররাষ্ট্রমন্ত্রী আরও বলেন, "এ মুহূর্তে আমাদের সামনে যে পথ খোলা রয়েছে, তা হলো দৃঢ়ভাবে দেশকে রক্ষা করা এবং আগ্রাসীদের উপযুক্ত শিক্ষা দেওয়া।„ গারিবাবাদি বলেন, "যুক্তরাষ্ট্র কার্যত তাদের সব প্রতিশ্রুতি লঙ্ঘন করেছে এবং তা স্থগিত করেছে। ইসলামাবাদ সমঝোতা স্মারকের আওতায় আমরাও আমাদের অঙ্গীকার স্থগিত করেছি এবং বর্তমানে সেগুলো বাস্তবায়ন করছি না।„ (রেডিও তেহরান ওয়েব পেজ : ১৯.০৭.২০২৬ আলী আহমেদ)

## এনএইচকে

### সমঝোতা স্মারকের প্রতিশ্রুতি স্থগিতের কথা বলছে ইরান, দুই সেনার মৃত্যুর খবর দিয়েছে যুক্তরাষ্ট্র

ইরানের উপ -পররাষ্ট্রমন্ত্রী বলেছেন , তেহরান যুক্তরাষ্ট্রের সঙ্গে স্বাক্ষরিত যুদ্ধবিরতি চুক্তির প্রতিশ্রুতি স্থগিত করেছে। অন্যদিকে, মার্কিন সামরিক বাহিনী জর্ডানে ইরানি হামলায় দু -জনের মৃত্যুর খবর জানিয়েছে। গত মাসে সংঘাত নিরসনে সমঝোতা স্মারকে সম্মত হওয়া সত্ত্বেও যুক্তরাষ্ট্র ও ইরান পাল্টাপাল্টি হামলা চালিয়ে যাচ্ছে। হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ এই সংঘাতকে উস্কে দিচ্ছে। ইরানের উপ-পররাষ্ট্রমন্ত্রী কাজেম ঘারিবাবাদি শনিবার স্থানীয় গণমাধ্যমকে বলেন যে, যুক্তরাষ্ট্র সমঝোতা স্মারকের অধীনে থাকা তার সমস্ত প্রতিশ্রুতি লঙ্ঘন ও স্থগিত করেছে এবং ইরানও এর পাল্টা ব্যবস্থা নিচ্ছে। ইরানের সর্বোচ্চ নেতা মোজতবা খামেনি সেদিন প্রকাশ করা এক বিবৃতিতে বলেন , মার্কিন যুক্তরাষ্ট্র কর্তৃক সমঝোতা স্মারকের বারবার লঙ্ঘন প্রমাণ করে যে , এতে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের স্বাক্ষর "মূল্যহীন ও অকার্যকর„ ছিল। ইরানের ইসলামিক বিপ্লবী রক্ষী বাহিনীও কুয়েত , বাহরাইন ও জর্ডানে একটি মার্কিন সামরিক রাডার স্থাপনা, একটি ডেটা সেন্টার এবং অন্যা ন্য লক্ষ্যবস্তুতে হামলা চালানোর দাবি করেছে। কুয়েতের কর্তৃপক্ষ জানিয়েছে , ইরান একটি বিদ্যুৎ উৎপাদন ও লবণাক্ত পানি পরিশোধন কেন্দ্রে হামলা চালিয়ে ক্ষতি করেছে। কুয়েতের রাষ্ট্রীয় মালিকানাধীন পেট্রোলিয়াম কোম্পানিও দাবি করেছে যে , একটি তেল স্থাপনায় হামলায় বেশ কয়েকজন আহত হয়েছেন। শনিবার মার্কিন সেন্ট্রাল কমান্ড আরও জানায়, জর্ডানে আগের দিন দু-জন মার্কিন সেনা নিহত হয়েছেন এবং ইরানি হামলা প্রতিহত করার পর তৃতীয় একজন নিখোঁজ রয়েছেন। মার্কিন কর্মকর্তারা বলছেন , ফেব্রুয়ারির শেষের দিকে সংঘাত শুরু হওয়ার পর থেকে নিহত মার্কিন সেনার সংখ্যা এখন ১৫-তে দাঁড়িয়েছে। এদিকে, ইরানি গণমাধ্যম জানিয়েছে, গত তিন সপ্তাহে মার্কিন হামলায় অন্তত ৫০ জন নিহত হয়েছেন।

(এনএইচকে ওয়েব পেজ: ১৯.০৭.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### কিয়েভে রাশিয়ার বৃহত্তম ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র হামলা

শনিবার রাতে ইউক্রেনের রাজধানী কিয়েভে তীব্র ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে রাশিয়া। ইউক্রেনের কর্মকর্তারা জানিয়েছেন, পূর্ণমাত্রার যুদ্ধ শুরুর পর থেকে কিয়েভে এটিই এ ধরনের সবচেয়ে বড় হামলা। এতে প্রায় অর্ধশত ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করা হয়। ভারপ্রাপ্ত পররাষ্ট্রমন্ত্রী আন্দ্রি সিবিহা সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ লেখা পোস্টে, হামলা বন্ধে রাশিয়ার ওপর আরও জোরালো আন্তর্জাতিক চাপ সৃষ্টির আহ্বান জানিয়েছেন। ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি জানিয়েছেন, এই হামলায় অন্তত একজন নিহত এবং ১৬ জন আহত হয়েছেন। তিনি বন্ধু রাষ্ট্রগুলোর কাছে আরও বিমান প্রতিরক্ষা ব্যবস্থা ও প্রতিরোধ ক্ষেপণাস্ত্র সরবরাহের আহ্বান জানান। ইউক্রেনের বিমান বাহিনীর তথ্য অনুযায়ী, স্থানীয় সময় রাত ১টা ৩০ মিনিটের একটু পর থেকে শুরু করে কয়েক ঘণ্টা ধরে চলা এই হামলায় রাশিয়া ৪১টি ক্ষেপণাস্ত্র ও ১২৫টি ড্রোন ব্যবহার করে। বিমান প্রতিরক্ষা বাহিনী ১৮টি ক্ষেপণাস্ত্র ও ১০০টিরও বেশি ড্রোন ভূপাতিত করতে সক্ষম হলেও, বেশ কয়েকটি ক্ষেপণাস্ত্র ও ড্রোন প্রায় ২০টি স্থানে আঘাত হানে, যার মূল লক্ষ্য ছিল কিয়েভ। রাশিয়ার মস্কো ও তাম্বভ অঞ্চলের বিভিন্ন লক্ষ্যবস্তুতে ইউক্রেন ড্রোন হামলা চালানোর ঠিক একদিন পরেই এই হামলাটি হলো।(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৯.০৭.২০২৬ রনি)

### পার্লামেন্ট অভিমুখে ককরোচ পার্টির পদযাত্রার অনুমতি নেই : দিল্লি পুলিশ

দিল্লি পুলিশের বরাতে ভারতীয় গণমাধ্যম রোববার জানিয়েছে, ককরোচ জনতা পার্টির (সিজেপি) বিক্ষোভকারীদের পার্লামেন্ট অভিমুখে যাত্রার অনুমতি দেওয়া হবে না। ভারতের ইন্ডিয়ান এক্সপ্রেস পত্রিকার প্রতিবেদন অনুযায়ী, যন্তর মন্তরে বিক্ষোভ চালিয়ে যাওয়ার জন্য বিক্ষোভকারীরা যেমন কোনো অনুমতি নেয়নি, সোমবারের (২০ জুলাই) পরিকল্পিত মিছিলের জন্যও তারা কোনো অনুমোদন চায়নি। পরীক্ষা-সংক্রান্ত অনিয়মের জেরে শিক্ষার্থীদের আত্মহত্যার ঘটনার প্রতিবাদে বিক্ষোভকারীরা শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগের দাবি জানাচ্ছেন। সিজেপির প্রতিষ্ঠাতা অভিজিৎ দিপকে এবং সমাজকর্মী সোনম ওয়াংচুক তাদের সমর্থকদের সোমবার বর্ষাকালীন অধিবেশনের প্রথম দিনে পার্লামেন্ট অভিমুখে মিছিল করার আহ্বান জানিয়েছেন। তবে পুলিশের বক্তব্য অনুযায়ী, বর্ষাকালীন অধিবেশন শুরু হওয়ায় পার্লামেন্ট ভবন এলাকায় নিষেধাজ্ঞা জারি রয়েছে, তাই এই মিছিলের অনুমতি দেওয়া সম্ভব নয়।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৯.০৭.২০২৬ রনি)

## জাগো নিউজ

### প্রশাসনিক রাজনীতিকরণ থেকে বেরিয়ে আসার আহ্বান স্বরাষ্ট্রমন্ত্রীর

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন , বিগত ১৭ বছরের প্রশাসনিক রাজনীতিকরণের ধারা থেকে বেরিয়ে এসে জনপ্রশাসনকে জনগণের প্রকৃত সেবকে রূপান্তরিত করতে হবে। জনপ্রত্যাশা পূরণে সরকারি কর্মকর্তা -কর্মচারীদের সম্পূর্ণ রাজনৈতিক পক্ষপাতমুক্ত থেকে দেশপ্রেম, সততা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানান তিনি।

রোববার (১৯ জুলাই) রাজধানীর শাহবাগে বিসিএস প্রশাসন অ্যাকাডেমি মিলনায়তনে জাতীয় পাবলিক সার্ভিস দিবস -২০২৬ উপলক্ষ্যে বিসিএস প্রশাসন অ্যাকাডেমি আয়োজিত 'দক্ষ, জনবান্ধব ও জবাবদিহিমূলক জনপ্রশাসন : সরকারের অঙ্গীকার বাস্তবায়ন কর্মকৌশল' শীর্ষক চার দিনব্যাপী কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সিভিল সার্ভিস রাষ্ট্রের প্রধান চালিকাশক্তি। বর্তমান সরকারের প্রতি জনগণের উচ্চ প্রত্যাশা রয়েছে। সেই প্রত্যাশা পূরণে প্রশাসনের প্রতিটি স্তরে স্বচ্ছতা, জবাবদিহি ও জনসেবার মানসিকতা নিশ্চিত করতে হবে। সরকারি কর্মকর্তাদের উদ্দেশ্যে তিনি বলেন, "আপনারা এ সমাজের সবচেয়ে সুবিধাপ্রাপ্ত একটি অংশ। তাই নিজেদের শাসক মনে না করে জনগণের সেবক হিসেবে দায়িত্ব পালন করতে হবে।„ তিনি আরও বলেন, শুধু আনুষ্ঠানিক কর্মশালা আয়োজন বা উচ্চপর্যায়ের দৃষ্টি আকর্ষণের জন্য কর্মসূচি গ্রহণের কোনো যৌক্তিকতা নেই, যদি তা জনগণের বাস্তব কল্যাণে না আসে। সঠিক নীতি প্রণয়নের স্বার্থে দেশের পরিসংখ্যান ব্যবস্থার সংস্কারের ওপর গুরুত্বারোপ করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, অতীতের শাসনামলে রাজনৈতিক উদ্দেশ্যে বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিসংখ্যান বিকৃত করা হয়েছে। আদমশুমারি, কৃষি উৎপাদন ও মাথাপিছু আয়সহ বিভিন্ন ক্ষেত্রে ভুল তথ্য উপস্থাপন করা হয়েছে বলে তিনি অভিযোগ করেন। এজন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-কে আরও কার্যকর ও শক্তিশালী প্রতিষ্ঠানে পরিণত করার প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন তিনি। দেশের অর্থনৈতিক ভিত্তি শক্তিশালী করতে কৃষি ও রেমিট্যান্স খাতকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়ে মন্ত্রী বলেন, কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ খাতভিত্তিক কৃষিনির্ভর শিল্প গড়ে তুলতে হবে। পাশাপাশি দক্ষ জনশক্তি তৈরিতে কারিগরি শিক্ষার সম্প্রসারণ এবং জনসংখ্যা নিয়ন্ত্রণে পরিবার পরিকল্পনা কার্যক্রম জোরদারের প্রয়োজনীয়তার কথাও উল্লেখ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০৭.২০২৬ রিহাব)

## কর্মপরিবেশ উন্নয়নে বাংলাদেশ নতুন যাত্রা শুরু করেছে

কর্মপরিবেশ উন্নয়নে বাংলাদেশ নতুন যাত্রা শুরু করেছে বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। বাংলাদেশ সফররত আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) মহাপরিচালক গিলবার্ট এফ হুংবোর সঙ্গে রোববার (১৯ জুলাই) পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক বৈঠকে তিনি এ মন্তব্য করেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মো. কামরুল ইসলাম ভুঁইয়া এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছেন। বৈঠকে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শ্রম খাতের ব্যাপক সংস্কারের মাধ্যমে শোভন কর্মসংস্থান, সামাজিক ন্যায়বিচার ও শ্রমিকের অধিকার প্রতিষ্ঠায় সরকারের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। তিনি বলেন, গণতন্ত্র, মানবাধিকার ও শ্রমিকের অধিকার প্রতিষ্ঠায় নির্বাচনি ইশতেহারে দেওয়া প্রতিশ্রুতি বাস্তবায়নে সরকার দৃঢ়ভাবে কাজ করছে। তিনি শ্রম প্রশাসন আরও শক্তিশালী করা, অভিবাসী শ্রমিকদের সুরক্ষা নিশ্চিত করা ও বাংলাদেশ থেকে নিরাপদ, নিয়মিত ও দক্ষ শ্রম অভিবাসন সম্প্রসারণে আইএলওর অব্যাহত সহযোগিতা ও গঠনমূলক সম্পৃক্ততা কামনা করেন। শ্রম খাতে বাংলাদেশের উল্লেখযোগ্য অগ্রগতি আইএলওর আসন্ন গভর্নিং বডির অধিবেশনে যথাযথ স্বীকৃতি পাবে এবং আইএলও সংবিধানের ২৬ অনুচ্ছেদের আওতায় বাংলাদেশের বিরুদ্ধে চলমান মামলাটি দ্রুত নিষ্পত্তির পথ সুগম হবে বলে পররাষ্ট্র প্রতিমন্ত্রী আশা প্রকাশ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ রিহাব)

## শাপলা চত্বরে ৬১ জনকে হত্যার তথ্য মিলেছে, শনাক্ত ৫৮ : চিফ প্রসিকিউটর

রাজধানীর মতিঝিলের শাপলা চত্বরে ২০১৩ সালের ৫ মে হেফাজতে ইসলামের সমাবেশে এখন পর্যন্ত ৬১ জনকে হত্যার তথ্য মিলেছে। এদের মধ্যে ৫৮ জনের পরিচয় শনাক্ত করা সম্ভব হয়েছে বলে জানিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। রোববার (১৯ জুলাই) দুপুরে নিজ কার্যালয়ে আয়োজিত এক ব্রিফিংয়ে এ তথ্য জানান তিনি। চিফ প্রসিকিউটর বলেন, আমরা সব আসামির নাম প্রকাশ করছি না। তবে, ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক আইজিপি বেনজীর আহমেদ, সাবেক সেনাপ্রধান জেনারেল আজিজসহ প্রধান আসামিদের নাম বলতেই পারি। তিনি বলেন, তদন্তের খসড়া তালিকায় ৬১ জনের মৃত্যুর তথ্য উঠে এসেছে। এর মধ্যে ৫৮ জনের পরিচয় শনাক্ত করা সম্ভব হয়েছে। বাকি তিনজনের পরিচয় নিশ্চিতের কাজ এখনো চলমান। হেফাজতে ইসলামের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক প্রসঙ্গে আমিনুল ইসলাম বলেন, তদন্ত প্রতিবেদনের খসড়া নিয়ে আলোচনা হয়েছে। তদন্তে যেন কোনো প্রকৃত আসামি বাদ না পড়ে এবং নির্দোষ কেউ যেন অভিযুক্ত না হন, সে বিষয়টি গুরুত্ব দেওয়া হচ্ছে। আগামী ২১ জুলাই নির্ধারিত সময়ই আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে আনুষ্ঠানিক অভিযোগপত্র (ফরমাল চার্জ) দাখিল করা হবে বলেও আশা প্রকাশ করেন তিনি। ব্রিফিংয়ে হেফাজতে ইসলাম বাংলাদেশের যুগ্ম মহাসচিব মাওলানা মামুনুল হক জানান, শুরু থেকেই তারা দাবি করে আসছেন- নিহতের প্রকৃত সংখ্যা আরও বেশি এবং অনেক তথ্য এখনো অনুপস্থিত। তার মতে, সেসময় রাষ্ট্রীয়ভাবে নিহতদের মরদেহ গুম করার চেষ্টা হয়েছিল। ফলে তদন্ত প্রতিবেদনে অনেক তথ্য অন্তর্ভুক্ত হয়নি। তবে তাদের কাছে সংরক্ষিত প্রামাণ্য তথ্য অনুযায়ী ৬১ জন নিহতের বিষয়টি নিশ্চিত করা হয়েছে। সংবাদ সম্মেলনে হেফাজতে ইসলামের সিনিয়র নায়েবে আমির আব্দুল হামিদ (মধুপুর পীর), মুফতি হারুন ইজহারসহ সংগঠনটির একটি প্রতিনিধিদল উপস্থিত ছিল।

(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ রিহাব)

## ঠাকুরগাঁওয়ে ধর্ষণ মামলায় তিনজনের আমৃত্যু কারাদণ্ড তিনজনের যাবজ্জীবন

ঠাকুরগাঁওয়ে প্রায় ১৫ বছর আগে সংঘটিত এক কিশোরী ধর্ষণ মামলার রায় ঘোষণা করেছে শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনাল। রায়ে তিন আসামিকে আমৃত্যু কারাদণ্ড এবং আরও তিন আসামিকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। রোববার (১৯ জুলাই) দুপুরে শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনালের বিচারক ও জেলা জজ আলী মনসুর এ রায় ঘোষণা করেন। আদালতের রায় অনুযায়ী, প্রধান তিন আসামি মো. আনিস রানা, মো. সাইফুল ইসলাম ও মো. দুলালকে নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০-এর ৯(৩) ধারায় আমৃত্যু কারাদণ্ড এবং প্রত্যেককে দুই লাখ টাকা অর্থদণ্ড দেওয়া হয়েছে। তাদের কেউ ফৌজদারি কার্যবিধির ৩৫(এ) ধারার সুবিধা কিংবা জেল কোড অনুযায়ী কোনো ধরনের রেমিশন সুবিধা পাবেন না। এছাড়া অপর তিন আসামি মো. আনিছুর, মো. খতিবুর খতু ও মো. লালুকে একই আইনের ৯(৩)/৩০ ধারায় যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড, প্রত্যেককে এক লাখ টাকা অর্থদণ্ড এ বং অনাদায়ে আরও এক বছরের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। আদালত রায়ে আরও নির্দেশ দেন, দণ্ডিতদের কাছ থেকে আদায় করা অর্থ ভুক্তভোগীর ক্ষতিপূরণ হিসেবে প্রদান করা হবে। প্রয়োজনে দণ্ডিতদের স্থাবর-অস্থাবর সম্পত্তি নিলামে বিক্রি করে সেই অর্থ আদায়ের জন্য জেলা প্রশাসককে নির্দেশ দেওয়া হয়েছে।(জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০৭.২০২৬ রিহাব)

## সদরঘাটে ট্রলারডুবি; নিখোঁজ দুইজনের সন্ধান পাওয়া গেছে

রাজধানীর সদরঘাটের শ্যামবাজার ঘাট এলাকায় বুড়িগঙ্গা নদীতে লঞ্চের ধাক্কায় ট্রলারডুবির ঘটনায় নিখোঁজ বলে ধারণা করা দুই ব্যক্তির সন্ধান পাওয়া গেছে। ফলে তাদের উদ্ধারে পরিচালিত ফায়ার সার্ভিসের অভিযান সমাপ্ত করা হয়েছে। রোববার (১৯ জুলাই) সকাল সাড়ে ৯টার দিকে এ দুর্ঘটনা ঘটে। পরে নিখোঁজের খবর পেয়ে ফায়ার সার্ভিসের ডুবুরি দল উদ্ধার অভিযান শুরু করে। পোস্তগোলা ফায়ার সার্ভিস স্টেশনের সিনিয়র স্টেশন অফিসার আ বু মো. সাজেদুল কবির জোয়ারদার জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন। উদ্ধারকাজে অংশ নেওয়া এক সদস্য জানান, অভিযানের কাজ শেষ করে তারা ঘটনাস্থল ত্যাগ করেছেন। কারণ, নিখোঁজ বলে জানানো দুই ব্যক্তিকে উদ্ধার করতে হয়নি; পরে তাদের নিরাপদে পাওয়া যায়। তিনি বলেন, প্রথমে ধারণা করা হয়েছিল, দুইজন নিখোঁজ রয়েছেন। তবে পরে জানা যায়, নৌকা চলাচলের সময় তারা অপর পাড়ে উঠে গিয়েছিলেন। বিষয়টি সংশ্লিষ্টরা জানতেন না বলেই তাদের নিখোঁজ মনে করা হয়। পরে তাদের সঙ্গীরাই উদ্ধারকারী দলকে জানান যে দুইজনের সন্ধান পাওয়া গেছে। এরপরই উদ্ধার অভিযান সমাপ্ত করা হয়। এর আগে, ফায়ার সার্ভিসের মিডিয়া সেলের পরিদর্শক মো. আনোয়ারুল ইসলাম জানিয়েছিলেন, বরিশাল থেকে ছেড়ে আসা এমভি সুন্দরবন-১২ লঞ্চের সঙ্গে কুমিল্লাগামী একটি ট্রলারের সংঘর্ষ হলে ট্রলারটি ডুবে যায়। তিনি জানান, নতুন ট্রলারটিতে মোট ১০ জন আরোহী ছিলেন। দুর্ঘটনার পর আটজন নিরাপদে তীরে উঠলেও বাকি দুইজনকে নিখোঁজ বলে ধারণা করা হয়। সেই তথ্যের ভিত্তিতেই সদরঘাট নদী ফায়ার স্টেশনের ডুবুরি ইউনিট উদ্ধার অভিযান শুরু করে। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০৭.২০২৬ রিহাব)

## সাইফুজ্জামানের ফ্ল্যাটে পাওয়া গেল রোলেক্স ঘড়ির ওয়ারেন্টি কার্ড

সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদের গুলশানের ফ্ল্যাটে প্রবেশ করে মালামালের তালিকা তৈরির সময় একটি বিলাসবহুল রোলেক্স ব্র্যান্ডের ঘড়ির ওয়ারেন্টি কার্ড পেয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। কার্ডের তথ্য অনুযায়ী, রোলেক্স সেলিনি ডেট (মডেল ৫০৫১৯) ঘড়িটি ১৮ ক্যারেট হোয়াইট গোল্ডের তৈরি। এর সিরিয়াল নম্বর ৭৩৪৫২৪৫৯। রোববার (১৯ জুলাই) ফ্ল্যাটে এ তালিকা করা হয় বলে দুদকের উপ-পরিচালক মো. মশিউর রহমান বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন। ওয়ারেন্টি কার্ডের তথ্য বলছে, সাইফুজ্জামান ২০১৯ সালের ২৪ জানুয়ারি ঘড়িটি লন্ডনের `হ্যারডস, নামের সুপার স্টোর থেকে কেনেন। কার্ডে মালিকানার জায়গায় সাইফুজ্জামানের নামও রয়েছে। ইন্টারনেট থেকে পাওয়া তথ্য অনুযায়ী, এমন ব্যবহৃত ঘড়ির মূল্য ১৩ হাজার থেকে ১৭ হাজার মার্কিন ডলারের মধ্যে। নতুন বা অব্যবহৃত মডেলের দাম প্রায় সাড়ে ১৬ হাজার মার্কিন ডলার, যা বাংলাদেশি মুদ্রায় ২০ লাখ টাকার বেশি। ২০২৪ সালের সংসদ নির্বাচনের আগে সাইফুজ্জামানের বিরুদ্ধে বিদেশে বিপুল সম্পদ গড়ার অভিযোগ ওঠে। একই বছর ক্ষমতার পটপরিবর্তনের পর তার বিরুদ্ধে অনুসন্ধান শুরু করে দুদক। সংস্থাটি অনিয়ম ও দুর্নীতির অভিযোগে তার নামে একাধিক মামলা করে। আজ সকাল সাড়ে ১০টায় আদালতের আদেশে সংস্থাটি তার ফ্ল্যাটে প্রবেশ ও মালামাল তালিকাবদ্ধ করার কার্যক্রম শুরু হয়। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০৭.২০২৬ রিহাব)

## নিয়ন্ত্রণ হারিয়ে দুই সেতুর মাঝে পড়লো বাস, যাত্রী নিহত

মানিকগঞ্জের শিবালয়ে যাত্রীবাহী বাস নিয়ন্ত্রণ হারিয়ে খালে পড়ে একজন নিহত এবং অন্তত ৪০ জন আহত হয়েছেন। রোববার (১৯ জুলাই) সকাল ৯টার দিকে ঢাকা-আরিচা মহাসড়কের বরংগাইল বাসস্ট্যান্ড এলাকায় এ দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনায় ঘটনাস্থলেই মো. দেলোয়ার হোসেন (৫০) নামে এক যাত্রীর মৃত্যু হয়। তিনি মানিকগঞ্জের ঘিওর উপজেলার ফুলহারা গ্রামের বাসিন্দা। পুলিশ জানায়, সেলফি পরিবহণের বাসটি প্রায় ৫০ থেকে ৬০ জন যাত্রী নিয়ে ঢাকার উদ্দেশ্যে যাচ্ছিল। বরংগাইল বাসস্ট্যান্ড এলাকায় পৌঁছালে অতিরিক্ত গতির কারণে বাসটির চাকা ফেটে যায়।

পরে চালক নিয়ন্ত্রণ হারালে বাসটি রাস্তা র পাশের দুই সেতুর মাঝখানের খালে পড়ে যায়। এ ঘটনায় একজন নিহত ও অন্তত ৪০ থেকে ৪৫ জন যাত্রী গুরুতর আহত হন। স্থানীয় লোকজন ও উদ্ধারকারীরা আহতদের উদ্ধার করে শিবালয় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মুন্নু মেডিকেল কলেজ হাসপাতাল এবং মানিকগঞ্জ সদর হাসপাতালে ভর্তি করে ন। খবর পেয়ে শিবালয় থানা পুলিশ , বরংগাইল হাইওয়ে পুলিশ ফাঁড়ি এবং শিবালয় ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার কার্যক্রম চালায়। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০৭.২০২৬ রিহাব)

## ইসিতে হিসাব দিল বিএনপি : আয় ২২ কোটি, ব্যয় ১৫ কোটি টাকা

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি নির্বাচন কমিশনে (ইসি) তাদের বার্ষিক আয় ও ব্যয়ের হিসাব জমা দিয়েছে। দলটির দেওয়া তথ্য অনুযায়ী, সর্বশেষ অর্থবছরে তাদের মোট আয় হয়েছে ২২ কোটি ২৬ লাখ টাকা এবং ব্যয় হয়েছে ১৫ কোটি ১৯ লাখ টাকা। বর্তমানে বিএনপির দলীয় তহবিলে উদ্বৃত্ত বা জমা রয়েছে ৬ কোটি ৭ লাখ টাকা। রোববার (১৯ জুলাই) দুপুর ১২টার পর নির্বাচন কমিশন সচিবালয়ে গিয়ে আনুষ্ঠানিকভাবে এই হিসাব জমা দেয় বিএনপির একটি প্রতিনিধি দল। বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর নেতৃত্বে তিন সদস্যের প্রতিনিধি দল আজ ইসি সচিবালয়ে পৌঁছায়। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- দলের কোষাধ্যক্ষ ও বেসামরিক বিমান পরিবহ ণ ও পর্যটন প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত এবং সহ -দপ্তর সম্পাদক মনির হোসেন। তারা নির্বাচন কমিশনের জ্যেষ্ঠ সচিব আখতার হোসেনের কাছে দলটির নিরীক্ষিত বার্ষিক আর্থিক প্রতিবেদন (অডিট রিপোর্ট) হস্তান্তর ক রেন। সাধারণত দলের সদস্যদের নিয়মিত চাঁদা , বিভিন্ন ব্যক্তি ও শুভাকাঙ্ক্ষীদের দেওয়া অনুদান এবং দলীয় মনোনয়ন ফরম বিক্রির অর্থ থেকে আয় দেখায় রাজনৈতিক দলগুলো। অন্যদিকে , দলের সারা বছরের সাংগঠনিক কর্মকাণ্ড পরিচালনা , রাজনৈতিক কর্মসূচি বাস্তবায়ন, প্রচারপত্র ও পোস্টার প্রকাশনা, কেন্দ্রীয় ও স্থানীয় কার্যালয়গুলোর রক্ষণাবেক্ষণ খরচ , কর্মকর্তা-কর্মচারীদের বেতন এবং দুস্থ নেতা -কর্মীদের সহায়তার খাতে ব্যয়ের হিসাব দেখায়। গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও) অনুযায়ী, বাংলাদেশে নিবন্ধিত প্রতিটি রাজনৈতিক দলের জন্য প্রতি বছর ৩১ জুলাইয়ের মধ্যে পূর্ববর্তী পঞ্জিকা বছরের আয়-ব্যয়ের অডিট রিপোর্ট নির্বাচন কমিশনে জমা দেওয়া বাধ্যতামূলক। কোনো দল পরপর তিন বছর হিসাব জমা দিতে ব্যর্থ হলে তাদের নিবন্ধন বাতিলের আইনি বিধান রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০৭.২০২৬ রিহাব)

## শাপলা চত্বর হত্যাকাণ্ডে শেখ হাসিনা-আজিজ-বেনজীরসহ আসামি ৪০ জনের বেশি

২০১৩ সালে মতিঝিলের শাপলা চত্বরে গণহত্যার ঘটনায় করা মামলার তদন্তের অগ্রগতির খসড়া প্রতিবেদন হাতে পেয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউশন টিম। এই হত্যাকাণ্ডের ঘটনায় ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক সেনাপ্রধান জেনারেল আজিজ আহমেদ ও সাবেক আইজিপি বেনজীর আহমেদসহ ৪০ জনেরও বেশি ব্যক্তিকে অভিযুক্ত করা হয়েছে। রোববার (১৯ জুলাই) চিফ প্রসিকিউটর মো . আমিনুল ইসলামের কার্যালয়ে মামলার অগ্রগতি জানতে হেফাজতে ইসলামের শীর্ষ নেতাসহ ১৪-১৫ জনের একটি প্রতিনিধিদল আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে আসে। এ সময় চিফ প্রসিকিউটর খসড়া তদন্ত প্রতিবেদন পাওয়ার বিষয়টি নিশ্চিত করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০৭.২০২৬ রিহাব)

## অবৈধ বালু উত্তোলনকে কেন্দ্র করে বিএনপির দুইপক্ষের সংঘর্ষ, নিহত ১

কিশোরগঞ্জের নিকলীতে নদী থেকে অবৈধভাবে বালু উত্তো লনকে কেন্দ্র করে বিএনপির দুই পক্ষের সংঘর্ষে একজনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আরও দু -জন আহত হয়েছেন। শনিবার (১৮ জুলাই) দিবাগত রাত ১টার দিকে উপজেলার ছাতিরচর বাজার এলাকায় এ ঘটনা ঘটে। নিহত বিএনপি কর্মী কাছুম আলী (৬৫) ছাতিরচর পূর্বপাড়া গ্রামের মনির উদ্দিনের ছেলে। আহতরা হলেন- বিএনপি নেতা রমিজ মেম্বার ও হিরু মিয়া। সূত্র জানায়, বেশ কিছুদিন ধরে ছাতিরচর ইউনিয়নের দক্ষিণপাড়া গ্রামের যুবদল নেতা জুম্মনের নেতৃত্বে একটি প্রভাবশালী চক্র নদী থেকে অবৈধভাবে বালু উত্তোলন করে আসছিল। অপরদিকে বিএনপি নেতা রমিজ মেম্বারসহ স্থানীয় কয়েকজন ওই বালু উত্তোলনে বাধা দিয়ে আসছিলেন। এর জেরে শনিবার গভীর রাতে দুইপক্ষের মধ্যে ধাওয়া -পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। এ সময় প্রতিপক্ষের হামলায় কাছুম আলী নিহত হয়েছেন বলে অভিযোগ স্থানীয়দের। ছাতিরচর ইউনিয়ন পরিষদের দফাদার নাজমুল ইসলাম বলেন, কাছুম আলী ও রমিজ মেম্বার অবৈধ বালু উত্তোলনে বা ধা দিয়েছিলেন। পরে রাতে তাদের ওপর হামলা হয়। এতে কাছুম আলীর মৃত্যু হয় এবং আরও দু -জন আহত হন। নিকলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহবুবুর রহমান বলেন, নদী থেকে অবৈধ বালু উত্তোলনকে কেন্দ্র করে দুইপক্ষের মধ্যে হাতাহাতি ও ধাওয়া -পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। এ সময় যু বদল নেতা জুম্মন ও তার সহযোগীরা ধারালো অস্ত্র নিয়ে বিএনপি নেতা রমিজ মেম্বারের লোকজনকে ধাওয়া করেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০৭.২০২৬ রিহাব)

## বগুড়ায় ডিবি হেফাজতে আসামির আত্মহত্যা

বগুড়ার সারিয়াকান্দিতে সিএনজিচালিত অটোরিকশা ছিনতাইয়ের পর চালককে হত্যা মামলার এক আসা মি জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) হেফাজতে আত্মহত্যা করেছেন। পুলিশের দাবি, রোববার (১৯ জুলাই) সকাল ১০টার দিকে মো. আসাদ (৩০) হাজতখানার বাথরুমে যান। সিসিটিভি পর্যবেক্ষণে দেখা যায় , দীর্ঘ সময় অতিবাহিত হলেও তিনি বাইরে আসছেন না। পরে পুলিশ সদস্যরা গিয়ে দেখতে পান , তিনি নিজের পরনের লুঙ্গি গলায় পেঁচিয়ে আত্মহত্যা করেছেন। নিহত আসামি মো. আসাদ (৩০) সারিয়াকান্দি উপজেলার জোড়গাছা মধ্য উত্তরপাড়া গ্রামের বাসিন্দা। তিনি এই এলাকার মতি মুন্সির ছেলে। গত ২৯ জুন সকালে সারিয়াকান্দি উপজেলার দড়িপাড়া গ্রামের কৈ -খালি বিলের পাশ থেকে সিএনজিচা লিত অটোরিকশার চালক আব্দুল মান্নান মোল্লার মরদেহ উদ্ধার করে পুলিশ। নিহত আব্দুল মান্নান গাবতলী উপজেলার মালিয়ানডাঙ্গা গ্রামের গেদা মুন্নার ছেলে। এ ঘটনায় সারিয়াকান্দি থানায় ১ জুলাই মামলা (নং-১) দায়ের করা হয়। মামলাটি দণ্ডবিধির ৩৯৪/৩০২/২০১/৩৪ ধারায় রুজু করা হয়েছে। পুলিশ জানায়, গত ১৮ জুলাই দুপুর ১টা ১৫ মিনিটে বগুড়া রেলওয়ে স্টেশন এলাকা থেকে মো . আসাদকে আটক করা হয়। পরে তাকে জেলা গোয়েন্দা (ডিবি) কার্যালয়ে নিয়ে প্রাথমিক জিজ্ঞাসাবাদ করা হলে তিনি হত্যাকাণ্ডে নিজের সম্পৃক্ততার কথা স্বীকার করেন। জিজ্ঞাসাবাদে তিনি জানান, এ ঘটনায় তিনি ছাড়াও আরও দু -জন জড়িত রয়েছেন। তার দেওয়া তথ্যের ভিত্তিতে অন্য আসামিদের গ্রেফতারে ডিবির একটি দল তাকে সঙ্গে নিয়ে নওগাঁ জেলায় অভিযান পরি চালনা করে। অভিযান শেষে রাতে তাকে নিয়ে ডিবি কার্যালয়ে ফিরে আসে পুলিশ। রাতে খাবার খেয়ে তিনি ঘুমিয়ে পড়েন। পুলিশের দাবি, রোববার (১৯ জুলাই) সকাল ১০টার দিকে আসাদ হাজতখানার বাথরুমে যান। সিসিটিভি পর্যবেক্ষণে দেখা যায় , দীর্ঘ সময় অতিবাহিত হলেও তিনি বাইরে আসছেন না। প রে পুলিশ সদস্যরা গিয়ে দেখতে পান, তিনি নিজের পরনের লুঙ্গি গলায় পেঁচিয়ে আত্মহত্যা করেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০৭.২০২৬ রিহাব)

## রাজধানীর আরও ৫০ পয়েন্টে অটোমেটিক ট্রাফিক লাইট চালুর নির্দেশ

রাজধানী ঢাকার যানজট কমানো ও ট্রাফিক ব্যবস্থাপনা আধুনিকায়নে আরও অন্তত ৫০টি গুরুত্বপূর্ণ পয়েন্টে দ্রুততম সময়ের মধ্যে অটোমেটিক ট্রাফিক লাইট সিস্টেম চালুর নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে শনিবার (১৮ জুলাই) পরিবেশ দূষণবিষয়ক এক উচ্চপর্যায়ের বৈঠকে সভাপতিত্বকালে তিনি এ নির্দেশ দেন বলে রোববার (১৯ জুলাই) বিএনপির মিডিয়া সেল থেকে জানানো হয়। বৈঠকে রাজধানীতে যানবাহনের হর্নের অতিরিক্ত ব্যবহার কীভাবে নিয়ন্ত্রণ করা যায়, সে বিষয়েও বিস্তারিত আলোচনা হয়। এ ক্ষেত্রে আইন প্রয়োগকারী সংস্থাকে আরও কঠোর ভূমিকা পালনের নির্দেশ দেন প্রধানমন্ত্রী। ট্রাফিক ব্যবস্থাপনায় ব্যবহৃত কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ভিত্তিক ক্যামেরার মতো হর্ন নিয়ন্ত্রণেও এআই প্রযুক্তি কীভাবে ব্যবহার করা যায় , সে বিষয়েও এসময় আলোচনা হয়। এছাড়া রাজধানীর সড়ক থেকে ফিটনেসবিহীন, মেয়াদোত্তীর্ণ ও পরিবেশ দূষণকারী বাস, ট্রাক এবং অন্যান্য যানবাহন দ্রুত অপসারণে কার্যকর উদ্যোগ নেওয়ার ওপর জোর দেন প্রধানমন্ত্রী।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০৭.২০২৬ রিহাব)

## জুলাই সনদ বাস্তবায়ন নিয়ে বিভ্রান্তির চেষ্টা হচ্ছে: মির্জা ফখরুল

জুলাই সনদ বাস্তবায়ন নিয়ে বিভ্রান্তির চেষ্টা করা হচ্ছে বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকারমন্ত্রী ও বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, জুলাই সনদে যে -সব রাজনৈতিক দল স্বাক্ষর করেছে , সেখানে পরিষ্কারভাবে উল্লেখ আছে- যে-সব বিষয়ে রাজনৈতিক দলগুলো একমত হতে পারেনি , নির্বাচনের মাধ্যমে যারা রাষ্ট্র পরিচালনার দায়িত্বে আসবে, তারা নিজেদের নি র্বাচনি ইশতেহার অনুযায়ী কাজ করবে। বিষয়টি কেন জানি আমরা অ্যাভোয়েড করে যাচ্ছি। রোববার (১৯ জুলাই) দুপুর সোয়া ১২টার দিকে রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে `চব্বিশের গণ-অভ্যুত্থানে জীবন উৎসর্গকারী শ হিদ সাংবাদিকদের প্রতি শ্রদ্ধা, এবং `ফ্যাসিবাদী শাসনে গণমা ধ্যমের ভূমিকা, শীর্ষক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। মির্জা ফখরুল বলেন, জুলাই সনদ নিয়ে যে বিতর্ক তৈরি হয়েছে, তার অবসান হওয়া উচিত। আলোচনা -আলাপের মাধ্যমে এ সমস্যার সমাধান করা সম্ভব। তিনি বলেন, এ বিষয়ে সংসদে একটি কমিটি গঠন করা হয়েছে। বিরোধীদলকে ওই কমিটি তে যোগ দিয়ে আলোচনার মাধ্যমে বিষয়টির সমাধানে অংশ নেওয়ার আহ্বান জানান তিনি। স্থানীয় সরকারমন্ত্রী বলেন, জুলাই আন্দোলন নতুন রাষ্ট্র গঠনের যে সুযোগ সৃষ্টি করেছে, তা বাস্তবায়ন করতে হবে। `আমাদের আস্থা-বিশ্বাস আছে, আমরা ন্যায় ও ইনসাফের রাষ্ট্র গঠন করতে পারবো। তিনি বলেন, বিএনপি যে প্রতিশ্রুতিগুলো দিয়েছে, সরকার সেগুলো বাস্তবায়নের চেষ্টা করছে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০৭.২০২৬ রিহাব)

## জুলাইয়ের লড়াই এখনও শেষ হয়নি: মাহমুদুর রহমান

চব্বিশের গণ -অভ্যুত্থানে শ হিদ সাংবাদিকদের প্রতি শ্রদ্ধা জানিয়ে আমার দেশ সম্পাদক ও ন্যা শনাল এডিটরস কাউন্সিলের (এনইসি) যুগ্ম আহ্বায়ক মাহমুদুর রহমান বলেছেন , জুলাইয়ে যে লড়াই শুরু হয়েছে , তা এখনও শেষ হয়নি। বাংলাদেশ যত দিন থাকবে , এ লড়াইও তত দিন চলবে। রোববার (১৯ জুলাই) দুপুর সোয়া ১২টার দিকে রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে চব্বিশের গণ -অভ্যুত্থানে জীবন উৎসর্গকারী শহি দ সাংবাদিকদের প্রতি

শ্রদ্ধা জানানো এবং `ফ্যাসিবাদী শাসনে গণমাধ্যমের ভূমিকা , শীর্ষক আলোচনা সভায় তিনি একথা বলেন। ন্যাশনাল এডিটরস কাউন্সিল (এনইসি) `জুলাই শহিদ সাংবাদিক সম্মাননা , শীর্ষক এ অনুষ্ঠানের আয়োজন করে। এতে প্রধান অতিথি ছিলেন স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায়মন্ত্রী এবং বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। মাহমুদুর রহমান বলেন, সংবাদমাধ্যমের কাজ হচ্ছে প্রশ্ন করা। সাংবাদিকদের অধিকার হচ্ছে `টু আস্ক কোশ্চেনস,। `আমরা এখান থেকে বেরিয়ে আসব না, ইনশাল্লাহ।, শহিদ পরিবারের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে তিনি বলেন, শহিদদের আত্মার মাগফেরাত কামনা করছেন এবং তাদের প্রতি কৃতজ্ঞতার শেষ নেই। তা র ভাষায়, `এই শহিদরা এই অল্প বয়সের জীবন না দিলে আমরা স্বাধীনতা ফিরে পেতাম না ; আমি আমার নির্বাসন জীবন থেকে ফিরে আসতে পারতাম না। আমি আবার `আমার দেশ, চালু করতে পারতাম না। কাজেই এদের প্রতি আমার কৃতজ্ঞতার শেষ নেই।, এনইসি প্রতিষ্ঠার উদ্দেশ্য তুলে ধরে মাহমুদুর রহমান বলেন , এর মাধ্যমে সারা দেশের সব পত্রিকার সম্পাদকদের ঐক্যবদ্ধ করতে চাওয়া হয়েছে। `আমরা এলিটিজম থেকে বের হতে চেয়েছি।,

(জাগো নিউজ ওয়েব পেজ: ১৯.০৭.২০২৬ রিহাব)

## জুলাইয়ের চেতনা বিক্রি করে বেশিদিন রাজনীতি করা যাবে না

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, যারা জুলাই চেতনার ওপর ভিত্তি করে রাজনৈতিক সংগঠন গড়ে তুলেছেন , তাদের প্রতি আমার নসিহত হলো - শুধুমাত্র জুলাইয়ের চেতনা বিক্রি করে বেশিদিন রাজনীতি করা যাবে না। তিনি বলেন, যারা শুধু এমপি -মন্ত্রী হওয়ার জন্য, উপদেষ্টা হওয়ার জন্য জুলাইকে ব্যবহার করেছেন , তাদের এখনই সময় আছে যে নতুন বন্দোবস্তের , নতুন রাজনীতির, নতুন ধারা প্রণয়ন করার যে অঙ্গীকার তারা করেছে , আমার বন্ধুরা করেছেন, তারা যেন নতুন বন্দোবস্তের নতুন ধারাটা মানুষের সামনে প্রকাশ করেন। কিন্তু পুরাতন বন্দোবস্তের আদলে নয়। তারা নতুন বন্দোবস্তের রাজনীতি কথা বলে পুরাতন বন্দোবস্তের মতো আওয়ামী বন্ধুদের , যুদ্ধাপরাধীদের সঙ্গে দেখা করতে যাবেন , সেটা সঠিক নয়। রোববার (১৯ জুলাই) বিকেলে গণঅধিকার পরিষদ (জিওপি) আয়োজিত `রক্তস্নাত জুলাই : প্রেক্ষাপট, রক্তের ঋণ এবং কোন পথে বাংলাদেশ , শীর্ষক আলোচনা সভায় এসব কথা বলেন তিনি। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, জনগণের সামনে তাদেরকে উন্মুক্ত হতে হবে যে, নতুন বন্দোবস্তের রাজনীতি কোনটা? `দায় ও দরদের, রাজনীতির যেই ভাষাটা আমার কিছু কিছু বৃদ্ধ বুদ্ধিজীবীর ভাষা - তারা আমা রও বন্ধু, পুরাতন বন্ধু বিশ্ববিদ্যালয়ের। শব্দগুলো উচ্চারণ করে যে নতুন বন্দোবস্তের রাজনীতি, `দায় ও দরদের, রাজনীতি- এত বাক্যবিশারদ হওয়া ভালো না। কারণ , এই শব্দগুলো অনেক বেশি ওজন বহন করে। এগুলো আমরা ব্যাখ্যা দাবি করি যে , আপনাদের নতুন বন্দোবস্ত কী ? `দরদ এবং দায়ে র, রাজনীতি কী সেটাও বলুন। শুধু বক্তৃতা দিলে হবে না। যদি আপনাদের এই নতুন বন্দোবস্তের রাজনীতি জনগণ গ্রহণ করে , আপনাদের পক্ষে জনগণ থাকবে। তিনি বলেন , কিন্তু শুধু একটা দল গঠন করে জুলাইয়ের চেতনার ভিত্তিতে এবং এই চেতনাকে ব্যবহার করে যারা ৪৭-এর চেতনার কথা বলে তাদে র কাছে গেলে তো অসুবিধা। এখন আমি বলেছিলাম একদিন সংসদে যে - আপনারা তো ৪৭-এও পাকিস্তানের পক্ষে ছিলেন না। এখন একাত্তরের প্রসঙ্গ যখনই আসে বলে ৪৭, আমরা ৪৭-এ যাই- তো ৪৭-এও তো ছিলেন না আপনারা। একাত্তরে তো ছিলেনই না। এখন দয়া করে চব্বিশে থাকেন। তাহলে জনগণ উপকৃত হবে। সালাহউদ্দিন আহমদ বলেন, সবসময় স্রোতের বিপরীতে, জনগণের চাহিদার বিপরীতে বক্তব্য দিয়ে এ দেশের মানুষকে আর বিভ্রান্ত করা যাবে না। নিজেদের রাজনৈতিক হীন স্বার্থের জন্য আপনারা ৪৭-কেও ব্যবহার করেন, একাত্তরকে অস্বীকার করেন, ২৪-কে আবার ব্যবহার করবেন , তা হবে না। তিনি আ রও বলেন, আমাদের রাজনীতি পরিষ্কার। আমাদের সামনের রাজনীতিও পরিষ্কার। আমরা আর কখনো ফ্যাসিবাদের উৎপত্তি চাই না। পরিষ্কার কি না ? আমরা আর কখনও রাজপথে গণতন্ত্রের জন্য রক্ত দিতে চাই না। সেই পরিবেশ আমাদের নিশ্চিত করতে হবে। তাহলে ফ্যাসিবাদ-বিরোধী জাতীয় ঐক্যটাকে আমরা ধরে রাখতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ রিহাব)

## বগুড়ার বিতর্কিত সেই তিন ইউনিয়নের নতুন নাম ঘোষণা

ব্যাপক বিতর্ক ও সমালোচনার মুখে অবশেষে বগুড়ার শিবগঞ্জ ও নবগঠিত মোকামতলা উপজেলার বিতর্কিত তিনটি ইউনিয়নের নাম পরিবর্তন করা হয়েছে। স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলমের পরিবারের সদস্যদের নামে রাখা ইউনিয়ন তিনটির নতুন নাম ঘোষণা করেছে জেলা প্রশাসন। রোববার (১৯ জুলাই) সকালে বগুড়া জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত এক সমন্বয় সভায় সর্বসম্মতিক্রমে নাম পরিবর্তনের এই প্রস্তাব (রেজুলেশন) অনুমোদন ও পাস করা হয়। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, শিবগঞ্জ উপজেলার `মীরবাড়ি, ইউনিয়নের নতুন নাম রাখা হয়েছে বেতগাড়ী ইউনিয়ন। এছাড়া মোকামতলা উপজেলার `সীমান্ত, ইউনিয়নের নাম পরিবর্তন করে জগন্নাথপুর ইউনিয়ন এবং `দিগন্ত, ইউনিয়নের নাম পরিবর্তন করে রহবল ইউনিয়ন রাখা হয়েছে। জেলা প্রশাসক মো. তৌফিকুর রহমান বলেন, রোববার জেলা প্রশাসনের সমন্বয় সভায় তিনটি ইউনিয়নের নতুন নাম অনুমোদন করা হয়েছে। প্রস্তাবটি দ্রুতই স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পাঠানো হবে। সেখান থেকে চূড়ান্ত অনুমোদনের পর নতুন নামগুলো গেজেট আকারে প্রকাশ করা হবে। প্রশাসন ও স্থানীয় সূত্রে জানা যায় , গত ১৪ জুন সরকারি এক প্রজ্ঞাপনের মাধ্যমে শিবগঞ্জ ও নবগঠিত মোকামতলা

উপজেলার প্রশাসনিক পুনর্গঠনের অংশ হিসেবে মীরবাড়ি, সীমান্ত, দিগন্ত ও স্বর্ণগ্রাম নামে চারটি নতুন ইউনিয়ন গঠন করা হয়। তবে ইউনিয়নগুলোর নাম ঘোষণার পরপরই স্থানীয়দের মধ্যে তীব্র ক্ষোভ ও সমালোচনার সৃষ্টি হয়। অভিযোগ ওঠে, বগুড়া-২ (শিবগঞ্জ) আসনের সংসদ সদস্য ও স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলমের পৈতৃক বাড়ির নামে 'মীরবাড়ি, এবং তার দুই ছেলে মীর শাকরুল আলম সীমান্ত ও মীর সাকলাইন আলম দিগন্তের নামের সঙ্গে মিলিয়ে 'সীমান্ত, ও 'দিগন্ত, ইউনিয়নের নামকরণ করা হয়েছে। বিষ য়টি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে দেশজুড়ে ব্যাপক সমালোচনার ঝড় ওঠে। এমনকি জাতীয় সংসদেও বিষয়টি স্পিকারের নজরে আনেন জামায়াতে ইসলামীর সংসদ সদস্য শফিকুল ইসলাম মাসুদ। সে সময় প্রতিমন্ত্রী মীর শাহে আলম এই নামকরণকে কাকতালীয় বলে দাবি করলেও বিতর্ক থামেনি। এরই পরি প্রেক্ষিতে গত ২১ জুন প্রধানমন্ত্রী তারেক রহমান সরাসরি হস্তক্ষেপ করেন। তিনি সংশ্লিষ্ট কর্মকর্তাদের ফোন করে ইউনিয়নগুলোর নাম পরিবর্তনের নির্দেশ দেন। প্রধানমন্ত্রীর নির্দেশনার পর নড়েচড়ে বসে স্থানীয় প্রশাসন। গত ২৩ ও ২৫ জুন দুই দফায় নতুন করে গণশুনানির আয়োজন করা হয়। সেই গণশুনানিতে অংশ নেওয়া সাধারণ মানুষের মতামতের ভিত্তিতেই অবশেষে ইউনিয়ন তিনটির নাম পরিবর্তনের চূড়ান্ত সিদ্ধান্ত নিলো জেলা প্রশাসন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ রিহাব)

## জুলাইয়ের ১৮ দিনে এলো ১৮০ কোটি ডলারের প্রবাসী আয়

চলতি (২০২৬-২৭) অর্থবছরের প্রথম ১৮ দিনে দেশে প্রায় ১৮০ কোটি মার্কিন ডলারের রেমিট্যান্স বা প্রবাসী আয় এসেছে। এ সময়ে বৈধ পথে প্রবাসী আয় বেড়েছে ২০ দশমিক ২ শতাংশ, যা আগের অর্থবছরের একই সময়ের তুলনায় ৩০ কোটি ২০ লাখ ডলার বেশি। রোববার (১৯ জুলাই) বাংলাদেশ ব্যাংকের হালনাগাদ প্রতিবেদন থেকে জানা যায়, ১ থেকে ১৮ জুলাই পর্যন্ত দেশে মোট ১৭৯ কোটি ৮০ লাখ (এক দশমিক ৭৯ বিলিয়ন) মার্কিন ডলার রেমিট্যান্স এসেছে। সদ্য শেষ হওয়া ২০২৫-২৬ অর্থবছরের একই সময়ে এর পরিমাণ ছিল ১৪৯ কোটি ৬০ লাখ ডলার। কেন্দ্রীয় ব্যাংকের তথ্য বলছে, শুধু ১৬ থেকে ১৮ জুলাই- এই তিন দিনেই দেশে এসেছে ১৬ কোটি ১০ লাখ মার্কিন ডলারের প্রবাসী আয়। এর আগে , চলতি মাসের প্রথম পাঁচ দিনে এসেছিল ৫৬ কোটি ৭০ লাখ ডলার। মাসজুড়ে ধারাবাহিকভাবে রেমিট্যান্সপ্রবাহ অব্যাহত থাকায় ১৮ দিনের মাথায় মোট প্রবাসী আয় পৌঁছেছে ১৭৯ কোটি ৮০ লাখ ডলারে। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, গত অর্থবছরের একই সময়ের তুলনায় চলতি অর্থবছরের প্রথম ১৮ দিনে রেমিট্যান্স বেড়েছে ৩০ কোটি ২০ লাখ ডলার, যা ২০ দশমিক ২ শতাংশ প্রবৃদ্ধির সমান। সংশ্লিষ্টরা মনে করেন, ব্যাংকিং চ্যানেলে অর্থ পাঠানোর প্রবণতা বৃদ্ধি , বৈধ পথে রেমিট্যান্স পাঠাতে সরকারের বিভিন্ন উদ্যোগ ও প্রণো দনার কারণে প্রবাসী আয়ের ইতিবাচক ধারা বজায় রয়েছে। এ প্রবাহ দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ শক্তিশালী করা, আমদানি ব্যয় মেটানো এবং বৈদেশিক লেনদেনের ভারসাম্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ রিহাব)

## 'ভাই আমাকে বাঁচান, মরে যাচ্ছি, বলা লোকটিকে আর বাঁচানো গেল না

রাজধানীর তেজগাঁও রেলগেট এলাকায় দিনদুপুরে দুর্বৃত্তের ছুরিকাঘাতে অজ্ঞাতপরিচয় (৫০) এক ব্যক্তি নিহত হয়েছেন। গুরুতর আহত অবস্থায় তাকে উদ্ধার করে রোববার (১৯ জুলাই) বিকেল ৪টার দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে এলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। তাকে হাসপাতালে নিয়ে আসা পথচারী আব্দুর রহমান বলেন , আমি পৌনে ৩টার দিকে এয়ারপোর্ট যাওয়ার জন্য তেজগাঁও রেলগেট এলাকা দিয়ে হাঁটার সময় দেখি, এক ব্যক্তি রক্তাক্ত অবস্থায় পড়ে আছেন। পরে ওই ব্যক্তি আমাকে ডাক দিয়ে বলেন, 'ভাই আমাকে বাঁচান, আমি মরে যাচ্ছি। আমাকে হাসপাতালে নিয়ে যান। , পরে আব্দুর রহমান ওই ব্যক্তিকে উদ্ধার করে প্রথমে স্থানীয় একটি হাসপাতালে নিয়ে যান। সেখানে অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে আসেন। আব্দুর রহমান জানান, তাৎক্ষণিকভাবে নিহত ব্যক্তির নাম-পরিচয় জানা যায়নি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ রিহাব)

## হামের উপসর্গে প্রাণ গেল আরও ৪ শিশুর

দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে চার শিশুর মৃত্যু হয়েছে। একই সময়ে হাম ও হামের উপসর্গ নিয়ে আক্রান্ত হয়েছে এক হাজার ৯৩৮ শিশু। রোববার (১৯ জুলাই) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হাম-বিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে , গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে আরও ৪ শিশুর মৃত্যু হয়েছে। তবে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে কোনো শিশুর মৃত্যু হয়নি। গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারা দেশে হামের উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে মোট ৬৯৩ শিশুর। আর হামে আক্রান্ত হয়ে আরও ৯৫ শিশু প্রাণ হারিয়েছে। অর্থাৎ হাম ও হামের উপসর্গ নিয়ে এই সময়ে মোট ৭৮৮টি শিশু মারা গেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ রিহাব)

## এলডিসি উত্তরণে পাঁচ বছর মেয়াদি নতুন কর্মপরিকল্পনা

স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে উত্তরণের প্রাক্কালে বাংলাদেশের বাণিজ্য সক্ষমতা বৃদ্ধি, বিনিয়োগ পরিবেশ উন্নয়ন এবং আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতা সক্ষমতা বাড়াতে নতুন কর্মপরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) আওতাধীন এনহ্যানসড ইন্টি গ্রেটেড ফ্রেমওয়ার্ক (ইআইএফ)-এর তৃতীয় পর্যায়ের জন্য প্রস্তুত করা কান্ট্রি প্রোগ্রাম ডকুমেন্ট (সিপিডি) বাস্তবায়নের মাধ্যমে এসব লক্ষ্য অর্জনের উদ্যোগ নেওয়া হয়েছে। রোবববার (১৯ জুলাই) বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত কান্ট্রি প্রোগ্রাম ডকুমেন্টের ভ্যা লিডেশন কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে বাণিজ্য সচিব আতাউর রহমান খান এসব তথ্য জানান। তিনি বলেন , বাংলাদেশের অর্থনীতি বর্তমানে একটি গুরুত্বপূর্ণ সময় অতিক্রম করছে। একদিকে এলডিসি উত্তরণের প্রস্তুতি , অন্যদিকে রপ্তানি খাতে নন -ট্যারিফ বাধা, আন্তর্জাতিক কমপ্লায়েন্স এবং বিনিয়োগ পরিবেশ উন্নয়নের চ্যালেঞ্জ মোকাবিলা করতে হচ্ছে। আতাউর রহমান খান বলেন, ইআইএফের পূর্ববর্তী ফেইজসমূহে যে সুপারিশ দিয়ে আসছে , কান্ট্রি প্রোগ্রাম ডকুমেন্টে সেই বিষয়গুলো গুরুত্বের সঙ্গে অন্তর্ভুক্ত করা হয়েছে। এখানে ১২টি কার্যক্রম রাখা হয়েছে, যার প্রতিটিই বাংলাদেশের বাণিজ্য সক্ষমতা উন্নয়ন ও প্রয়োজনীয় সংস্কারের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। তিনি বলেন , শুধু নীতিমালা বা গবেষণা প্রতিবেদন তৈরি করলেই হবে না, এর সফল বাস্তবায়নই মূল বিষয়। স্টাডির পাশাপাশি বাস্তবায়ন পর্যায়ে কীভাবে সংস্কারগুলো কার্যকর করা যায়, সে বিষয়ে স্পষ্ট নির্দেশনা থাকতে হবে। মন্ত্রণালয়, অধিদপ্তর এবং সংশ্লিষ্ট দপ্তরগুলোর প্রান্তিক পর্যায় পর্যন্ত এসব সংস্কারের সুফল পৌঁছাতে হবে। বাণিজ্য সচিব আরও বলেন , বাণিজ্য সহজীকরণ, উদারীকরণ, সংশ্লিষ্ট আইন, বিধিমালা ও বিভিন্ন মন্ত্রণালয়ের সমন্বিত কার্যক্রমের মাধ্যমে বাংলাদেশের ব্যবসা পরিচালনার পরিবেশ উন্নত করার ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে। কর্মশালায় বাণিজ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (ডব্লিউটিও) খাদিজা নাজনীন বলেন , ইআইএফ কর্মসূচির মাধ্যমে এলডিসি দেশগুলোকে বাণিজ্য সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা দেওয়া হয়। এই কর্মসূচিতে যুক্তরাজ্য, ইউরোপীয় ইউনিয়ন, সুইডেনসহ কয়েকটি উন্নয়ন সহযোগী দেশ অর্থায়ন করে থাকে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ রিহাব)

## যাত্রাবাড়ীতে পুলিশের অভিযানে গ্রেফতার ১৪

রাজধানীর যাত্রাবাড়ী থানা এলাকায় বিশেষ অভিযান চালিয়ে বিভিন্ন অপরাধে জড়িত ১৪ জনকে গ্রেফতার করেছে পুলিশ। রোববার (১৯ জুলাই) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশ নস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। নিয়াজ মেহেদী বলেন , গতকাল শনিবার যাত্রাবাড়ী থানা এলাকায় বিশেষ অভিযান চালিয়ে বিভিন্ন অপরাধে জড়িত ১৪ জনকে গ্রেফতার করেছে যাত্রাবাড়ী থানা পুলিশ। গ্রেফতারদের মধ্যে রয়েছেন নিয়মিত মামলাসহ বিভিন্ন অপরাধে জড়িত অপরাধী। আইন -শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। পাশাপাশি গ্রেফতারদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন বলেও জানান পুলিশের এ কর্মকর্তা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ রিহাব)

## শ্রমখাত আধুনিকায়নে আইএলওর সহযোগিতা চায় সরকার

শ্রমখাত আধুনিকায়ন, আন্তর্জাতিক শ্রমমান নিশ্চিতকরণ ও দেশে -বিদেশে নতুন কর্মসংস্থান সৃষ্টিতে আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) সঙ্গে সহযোগিতা আরও জোরদার করতে চায় সরকার। একইসঙ্গে শ্র ম আইন সংস্কার, সামাজিক নিরাপত্তা বেষ্টনী সম্প্রসারণ ও শ্রম অভিবাসনে স্বচ্ছতা নিশ্চিতের ওপরও গুরুত্ব আরোপ করা হয়েছে। বাংলাদেশ সফররত আইএলওর মহাপরিচালক গিলবার্ট এফ হুংবোর সঙ্গে রোববার (১৯ জুলাই) সচিবালয়ে দ্বিপক্ষীয় বৈঠকে এসব বিষয় তুলে ধরেন শ্রম ও কর্মসংস্থা নমন্ত্রী আরিফুল হক চৌধুরী। মন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত বৈঠকে বাংলাদেশের শ্রমখাতের আধুনিকায়ন, শ্রম আইন সংস্কার , নতুন কর্মসংস্থান সৃষ্টি ও আন্তর্জাতিক শ্রমমান নিশ্চিতে সহযোগিতা বাড়ানোর বিষয়ে আলোচনা হয়। বৈঠকে শ্রমমন্ত্রী আইএলও মহাপরিচালককে স্বাগত জানিয়ে বলেন, বর্তমান সরকার শ্রমিকদের অধিকার রক্ষা ও নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন , শ্রমখাতের সংস্কার একটি চলমান প্রক্রিয়া এবং এর অংশ হিসেবে বাংলাদেশে শ্রম (সংশোধন) আইন, ২০২৬ প্রণয়ন করা হয়েছে। এর মাধ্যমে আন্তর্জাতিক শ্রমমান নিশ্চি তকরণে বাংলাদেশ উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। মন্ত্রী জানান , এশিয়ার প্রথম দেশ হিসেবে বাংলাদেশ আইএলওর ১০টি মৌলিক কনভেনশন অনুসমর্থন করেছে , যা বৈশ্বিক শ্রম অঙ্গনে দেশের অবস্থানকে আরও শক্তিশালী করেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ রিহাব)

## জালিয়াতি করে চাকরিতে যোগ দিতে এসে ধরা, চারজনের বিরুদ্ধে মামলা

জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস সহায়ক (গ্রেড-২০) পদে জালিয়াতির মাধ্যমে যোগদান করতে এসে ধরা পড়েছেন চার ব্যক্তি। এ ঘটনায় তাদের বিরুদ্ধে শাহবাগ থানায় মামলা করা হয়েছে। চাকরিতে যোগ দিতে এসে ধরা পড়ার পর তারা মৌখিক পরীক্ষায় নিজেরা অংশ নেননি এবং তাদের হয়ে অন্য ব্যক্তি পরীক্ষা দিয়েছেন বলে স্বীকার করেছেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা মো . মানসুর হোসেন রোববার (১৯ জুলাই) সাংবাদিকদের এ তথ্য জানান। জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে জানানো হয়েছে , অভিযুক্তরা হলেন টাঙ্গাইলের গোপা লপুর উপজেলার মো. আ. আলিম (রোল : ১৯০০৪৪৮৯), সিরাজগঞ্জের চৌহালী উপজেলার মো . আলী হায়দার (রোল : ১৯০১৬০৯১), কুড়িগ্রামের নাগেশ্বরী উপজেলার মো . রাসেল রানা লিটন (রোল : ১৯০১১০৯৩) এবং গাজীপুরের শ্রীপুর উপজেলার মো. মাসুদ ফকির (রোল : ১৯০১৯২৫৭)। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ রিহাব)

## ডিএমপির তেজগাঁও বিভাগে অভিযান, গ্রেফতার ৫৮

ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) তেজগাঁও বিভাগের বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় অভিযান চালানো হয়েছে। এসময় নানা অপরাধে জড়িত থাকার অভিযোগে ৫৮ জনকে গ্রেফতার করেছে পুলিশ। রোববার (১৯ জুলাই) ডিএমপির মিডিয়া অ্যা ন্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ -পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান।

তিনি বলেন, শনিবার (১৮ জুলাই) বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় নিয়মিত অভিযান পরিচালনা করে ৫৮ ব্যক্তিকে গ্রেফতার করা হয়। তাদের মধ্যে তেজগাঁও থানা আট, শের-ই-বাংলা নগর থানা নয়, মোহাম্মদপুর থানা ১৬, আদাবর থানা আট, তেজগাঁও শিল্পাঞ্চল থানা পাঁচ ও হাতিরঝিল থানা ১২ জনকে গ্রেফতার করে। গ্রেফতারদের আদালতে পাঠানো হয়েছে বলেও জানান নিয়াজ মেহেদী। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ রিহাব)

## ই-পার্লামেন্ট বাস্তবায়নে ইউএনডিপির সহযোগিতা চাইলেন ডেপুটি স্পিকার

জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামালের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচির (ইউএনডিপি) একটি প্রতিনিধিদল। রোববার (১৯ জলাই) জাতীয় সংসদে ডেপুটি স্পিকারের কার্যালয়ে এই সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়েছে। সাক্ষাৎকালে প্রতিনিধিদল বাং লাদেশের সংসদীয় গণতন্ত্র ও সংসদীয় কার্যক্রমকে শক্তিশালী করতে কী কী উদ্যোগ গ্রহণ করা যায়, সেসব বিষয়ে মতবিনিময় করেন। এ সময় ই -পার্লামেন্ট বাস্তবায়নে কারিগরি ও আর্থিক সহযোগিতার ব্যাপারে ডেপুটি স্পিকার ইউএনডিপির কাছে সহযোগিতা প্রত্যাশা করেন। ইউএনডিপির ডেপুটি রে সিডেন্ট রিপ্রেজেন্টেটিভ সোনালি দয়ারত্নের নেতৃত্বে সিনিয়র গভর্নেন্স স্পেশালিস্ট ড্রাগন পোপোভিচ, তানভীর মাহমুদ, প্রজেক্ট ম্যানেজার মাহমুদুল হাসান এবং জাতীয় সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা সাক্ষাৎকালে উপস্থিত ছিলেন। এসময় ডেপুটি স্পিকার বলেন, বর্তমান সরকা র শিক্ষা ও স্বাস্থ্য খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কাজ করছে। সমাজ পরিবর্তনের সঙ্গে সঙ্গে মানুষের চাহিদারও পরিবর্তন ঘটে। পরিবর্তিত সমাজ ব্যবস্থার সঙ্গে সামঞ্জস্য বিধানের জন্য আইনেরও সংশোধনের প্রয়োজন হয়। ডেপুটি স্পিকার সংসদের লাইব্রেরিতে সদ্যসমাপ্ত গ্রাজুয়েটরা যেন পার্লামেন্টারি ফেলোশিপ /ইন্টার্নশিপ প্রোগ্রাম করে তাদের অর্জিত জ্ঞানকে আরও বৃদ্ধি করতে পারে, সে ব্যাপারে ইউএনডিপির প্রস্তাবের সঙ্গে একমত পোষণ করেন। সংসদের কোনো প্রকল্প নেওয়ার ক্ষেত্রে ইউরোপীয় ইউনিয়নসহ অন্য কোনো সংস্থার প্রকল্পের সঙ্গে যেন ডুপ্লিকেশ ন না হয়, সে বিষয়ে তারা মতামত তুলে ধরেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ রিহাব)

## আন্তঃদেশীয় অপরাধ সম্মেলনে যোগ দিতে থাইল্যান্ডের পথে আইজিপি

স্ক্যাম সেন্টার কম্পাউন্ড এবং আন্তঃদেশীয় সংগঠিত অপরাধবিষয়ক আঞ্চলিক শীর্ষ সম্মেলনে যোগ দিতে থাইল্যান্ডের উদ্দেশ্যে ঢা কা ছেড়েছেন বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির। রোববার (১৯ জুলাই) বিকেলে পুলিশ সদর দপ্তরের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এদিন বিকেলে আইজিপি থাইল্যান্ডের রাজধানী ব্যাংককের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। সংবাদ বিজ্ঞপ্তিতে জা নানো হয়, আগামী ২০ ও ২১ জুলাই ব্যাংককে এ সম্মেলন হবে। রয়্যাল থাই পুলিশের সহযোগিতায় ফেডারেল ব্যুরো অব ইনভেস্টিগেশন (এফবিআই) সম্মেলনের আয়োজন করেছে। এতে স্ক্যাম সেন্টার কম্পাউন্ড এবং আন্তঃদেশীয় অপরাধী চক্রের ক্রমবর্ধমান হুমকি মোকাবিলায় কার্যকর অপারেশনাল স মন্বয়, আঞ্চলিক কৌশল প্রণয়ন এবং সমন্বিত যৌথ উদ্যোগ গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হবে। এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের বিভিন্ন দেশের পুলিশ এবং গোয়েন্দা সংস্থার প্রধানসহ ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তারা সম্মেলনে অংশ নেবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ রিহাব)

## ২০২৫-২৬ অর্থবছরে রেলের আয় বেড়েছে ২২১ কোটি টাকা

বাংলাদেশ রেলওয়ের আয় বেড়েছে। ২০২৫-২৬ অর্থবছরে রেলওয়ে মোট ২ হাজার ৬৬ কোটি ৩৮ লাখ টাকা আয় করেছে। এর আগের ২০২৪-২৫ অর্থবছরে আয় হয়েছিল ১ হাজার ৮৪৫ কোটি টাকা। অর্থাৎ গেল অর্থবছরে রেলওয়ের আয় তার আগের অর্থবছরের তুলনায় ২২১ কোটি টাকা বেড়েছে। রোববার (১৯ জুলাই) বাংলাদেশ রেলওয়ের পরিচালক (জনসংযোগ) আনিসুর রহমানের পাঠানো এক বার্তায় এসব তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, নানা প্রতিকূলতা সত্ত্বেও বিভিন্ন উদ্যোগ ও প্রচেষ্টার ফলে গেলো অর্থবছরে রেলওয়ের আয় বৃদ্ধি পেয়েছে। সবচেয়ে বেশি আয় বেড়েছে যাত্রী খাতে। ২০২৪-২৫ অর্থবছরের তুলনায় ২০২৫-২৬ অর্থবছরে যাত্রী খাতে আয় বেড়েছে ২৫৬ কোটি টাকা। তবে ইঞ্জিনের অভাবে মালামাল পরিবহন খাতে আয় কমেছে ৮ কোটি ৩৪ লাখ টাকা। এ ছাড়া ভূ-সম্পত্তি খাতে ৩ কোটি টাকা এবং রেলওয়ের অপটিক্যাল ফাইবার লিজ থেকে ১১ কোটি ৫২ লাখ টাকা বেশি আয় হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ রিহাব)

## তুরস্কের অভ্যুত্থান দমনে এরদোয়ানের নেতৃত্বের প্রশংসা জামায়াত আমিরের

তুরস্কের অভ্যুত্থান দমনে দেশটির প্রেসিডেন্ট রিসেপ তাইয়্যিপ এরদোয়ানের দৃঢ় ও সাহসী নেতৃত্বের প্রশংসা করেছেন বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা . শফিকুর রহমান। পাশাপাশি এরদোয়ানের নেতৃত্বে তুরস্কের অগ্রগতির ভূয়সী প্রশংসা করেন তিনি। জামায়াত আমিরের পক্ষ থেকে রিসেপ তাইয়্যিপ এরদোয়ানের উদ্দেশ্যে সংহতি ও প্রশংসাপত্র সম্বলিত এক চিঠিতে এসব কথা বলা হয়। বাংলাদেশে নিযু ক্ত তুরস্কের রাষ্ট্রদূত রামিস শেনের কাছে আনুষ্ঠানিকভাবে চিঠিটি হস্তান্তর করা হয়। রোববার (১৯ জুলাই) বেলা সাড়ে ১১টায় ঢাকার তুরস্ক দূতাবাসে গিয়ে

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বিরোধীদলীয় নেতার পক্ষে রাষ্ট্রদূত রামিস শেনের হাতে চিঠিটি তু লে দেন। চিঠিতে ডা. শফিকুর রহমান ২০১৬ সালের ১৫ জুলাই তুরস্কে সংঘটিত ব্যর্থ অভ্যুত্থানচেষ্টার সময় প্রেসিডেন্ট এরদোয়ানের দৃঢ় ও সাহসী নেতৃত্বের প্রশংসা করেন। একই সঙ্গে গণতন্ত্র , রাষ্ট্রের সার্বভৌমত্ব ও সাংবিধানিক শৃঙ্খলা রক্ষায় তুর্কি জনগণের ঐক্য , সাহস ও আত্মত্যা গের প্রতি গভীর শ্রদ্ধা ও সংহতি প্রকাশ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ রিহাব)

## স্থানীয় সরকার ভোটে আওয়ামী লীগ নেতাদের অংশগ্রহণ নিয়ে যা বললেন রিজভী

আসন্ন স্থানীয় সরকার নির্বাচনে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের নেতা -কর্মীদের প্রার্থিতা প্রসঙ্গে বিএনপির সিনিয়র যুগ্ম-মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, এবারের নির্বাচন দলীয় প্রতীকে হচ্ছে না। সেক্ষেত্রে নির্বাচন কে করবে , না করবে, এটা আদালতের বিষয়, এটা নির্বাচন কমিশনের (ইসি) বিষয়। আইনে কী আছে দেখে , সে অনুযায়ী তারা নির্ধারণ করবেন। রোববার (১৯ জুলাই) আগারগাঁওয়ে নির্বাচন কমিশনে বিএনপির ২০২৫ সালের আয়-ব্যয়ের হিসাব জমা দেওয়া শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। এদিন দুপুরে নির্বাচন কমিশনের সিনিয়র সচিব আখতার আহমেদের কাছে হিসাব জমা দেন রিজভী। এসময় আরও উপস্থিত ছিলেন বিএনপির কোষাধ্যক্ষ ও বেসামরিক বিমান প্রতিমন্ত্রী এম রাশিদুজ্জামান মিল্লাত এবং সহ-দপ্তর সম্পাদক মনির হোসেন। স্থানীয় সরকার নির্বাচনে আওয়ামী লীগকে আটকাতে ইসিতে চিঠি দিয়েছে জামায়াত। এ বিষয়ে বিএনপির অবস্থান জানতে চাইলে রুহুল কবির রিজভী বলেন, অন্য রাজনৈতিক দল কী বললো, না বললো সেটা বিষয় না। প্রচলিত আইন অনুযায়ী কা রা নির্বাচনে যেতে পারবে, কারা পারবে না , সেটা দেখার সম্পূর্ণ দায়িত্ব নির্বাচন কমিশনের। আমরা কমিশনের হাতে ছেড়ে দিয়েছি। স্থানীয় সরকার নির্বাচনে বিএনপির প্রার্থী বাছাই প্রক্রিয়ার বিষয়ে তিনি বলেন , এবার তো দলীয় প্রতীক ছাড়া নির্বাচন হচ্ছে। সেক্ষেত্রে আমাদের প্রার্থি তা কীভাবে হবে , তা আমাদের দলের সর্বোচ্চ নীতি -নির্ধারণী ফোরাম জানাবেন। এখন পর্যন্ত এ বিষয়ে কোনো সিদ্ধান্ত হয়নি। স্থানীয় সরকার নির্বাচনে বিএনপির প্রার্থিতা সবার জন্য উন্মুক্ত থাকবে কি না - এমন প্রশ্নে রিজভী বলেন , এ ব্যাপারে দলীয় নীতির বিষয়ে কোনো সিদ্ধান্ত হ য়নি। সিদ্ধান্ত হলে জানাবো। দলের পরবর্তী সম্মেলন বিষয়ে তিনি বলেছেন , সম্মেলন বিষয়ে দলের চেয়ারম্যান ও মহাসচিব কথা বলেছেন, সম্মেলন হবে। তবে, তারিখটার বিষয়ে এখনো সিদ্ধান্ত হয়নি। আশা করি , শিগ্‌গির সম্মেলন হবে। তারিখ নির্ধারণ হলে আমরা জানিয়ে দেবো। (জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ রিহাব)

## হাসপাতালের মর্গে নারী ডোম নিয়োগ দিতে হাইকোর্টের রুল

নারীর মরদেহ ময়নাতদন্তে হাসপাতালগুলোতে নারী ডোম নিয়োগের নির্দেশনা কেন দেওয়া হবে না, জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। এ সংক্রান্ত বিষয়ে শুনানি নিয়ে রোববার (১৯ জুলাই) হাইকোর্টের বি চারপতি ফাহমিদা কাদের ও বিচারপতি মো. আসিফ হাসানের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই রুল জারি করেন। আদালতে এদিন রিটের পক্ষে শুনানি করেন আইনজীবী মনির উদ্দিন। আদেশের বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন তিনি। গত সোমবার (১৩ জুলাই) সুপ্রিম কোর্টের আইনজীবী মোহাম্মদ মনির উদ্দিন জনস্বার্থে হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় এ বিষয়ে রিট করেন। স্বাস্থ্যসচিব, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকসহ সংশ্লিষ্টদের রিটে বিবাদী করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ রিহাব)

## আর্জেন্টিনাকে কাঁদিয়ে বিশ্বচ্যাম্পিয়ন স্পেন

রুদ্ধশ্বাস অপেক্ষা। একের পর এক আক্রমণ, শটের পর শট- গোলই করতে পারছিল না স্পেন। বিশ্বকাপের ফাইনালে স্পেন যেন আর্জেন্টিনার বিপক্ষে নয়, খেলছিল শুধু এমিলিয়ানো মার্টিনেজের বিপক্ষে। কতগুলো নিশ্চিত গোলের হাত থেকে যে আর্জেন্টিনাকে বাঁচালেন তিনি! অবশেষে স্পেনের সংঘবদ্ধ আক্রমণের সামনে টিকতে পারলো না আর্জেন্টিনা।

১০৬ মিনিটে আসলো সেই কাঙ্খিত মাহেন্দ্রক্ষণ। ফেরান তোরেস করলেন জয়সূচক গোলটি। সেই গোলটিই হয়ে গেলো বিশ্বকাপের চ্যাম্পিয়ন নির্ধারক। ১২০ মিনিটের খেলায় আর্জেন্টিনাকে ১-০ গোলে হারিয়ে বিশ্বকাপ চ্যাম্পিয়ন হলো স্পেন। নিউ জার্সির মেটলাইফ স্টেডিয়ামে বিশ্বকাপ ফাইনালের ৯০ মিনিট গোলশূন্যভাবে শেষ হওয়ার পর অতিরিক্ত সময়ে গিয়ে অবশেষে জালের দেখা পায় স্পেন। বদলি হিসেবে নামা ফেরান তোরেসের দুর্দান্ত ভলি গোলে বিশ্ব চ্যাম্পিয়নশিপ নিশ্চিত করে স্পেন। শেষ মুহূর্ত পর্যন্ত লিওনেল মেসিকে সামনে রেখে মরিয়া চেষ্টা চালিয়েও সমতায় ফিরতে পারেনি ১০ জনের আর্জেন্টিনা। (জাগো নিউজ ওয়েব পেজ : ২০.০৭.২০২৬ নারগীস)

# রেডিও টুডে

## এবারের বিশ্বকাপ সম্প্রচারের খরচ প্রায় শূন্য, আগেরবার ছিল ১৪০ কোটি : তথ্য ও সম্প্রচারমন্ত্রী

কাতার বিশ্বকাপের সম্প্রচার স্বত্ব নিয়ে হওয়া শতকোটি টাকার লেনদেন, অনিয়ম-দুর্নীতি ও মধ্যস্বত্বভোগী সিন্ডিকেট ভেঙে দিয়ে এবার নামমাত্র খরচে সরাসরি ফিফা থেকে ২০২৬ বিশ্বকাপের মিডিয়া রাইটস কেনা হয়েছে বলে

জানিয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন। তিনি বলেন, ”প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন সরকারের দূরদর্শী ও সাশ্রয়ী নীতি এবং সফল সাব-লাইসেন্সিংয়ের ফলে এবারের বিশ্বকাপ ফুটবল সম্প্রচারের খরচ প্রায় শূন্যের কোঠায় নামিয়ে আনা সম্ভব হয়েছে। যেখানে ২০২২ সালের কাতার বিশ্বকাপে মধ্যস্বত্বভোগীদের মাধ্যমে প্রায় ১৪০ কোটি টাকার লেনদেন হয়েছিল।„ রোববার সকালে তথ্য অধিদপ্তরের সভাকক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। এসময় মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মো. শাহ আলম, তথ্য অধিদফতরের প্রধান তথ্য কর্মকর্তা সৈয়দ আবদাল আহমদ এবং বাংলাদেশ টেলিভিশনের মহাপরিচালক মো. মাহবুবুল আলম উপস্থিত ছিলেন।

**২০২২ ও ২০২৬ বিশ্বকাপের সম্প্রচার ব্যয়ের তুলনামূলক চিত্র**

সংবাদ সম্মেলনে তথ্য ও সম্প্রচার মন্ত্রী ২০২২ সালের কাতার বিশ্বকাপের সম্প্রচার স্বত্ব ক্রয়ের নামে হওয়া লেনদেন, দুর্নীতি ও বর্তমান সরকারের স্বচ্ছতার তুলনামূলক চিত্র তুলে ধরেন। তিনি বলেন, ২০২২ সালের বিশ্বকাপে ফিফার কাছ থেকে ৩.২ মিলিয়ন ডলারে মিডিয়া রাইটস কেনে সিঙ্গাপুরের একটি কোম্পানি। এরপর `তমা কনস্ট্রাকশন, নামে গণমাধ্যমের সঙ্গে সম্পৃক্ততা নেই বাংলাদেশের এমন একটি বেসরকারি প্রতিষ্ঠানকে মধ্যস্বত্বভোগী হিসেবে যুক্ত করা হয়। তৎকালীন শেখ হাসিনার সরকার ওই মধ্যস্বত্বভোগী কোম্পানিকে মন্ত্রিপরিষদ বৈঠকের মাধ্যমে জনগণের ট্যাক্সের ৯৮ কোটি টাকা দিয়ে বিটিভির জন্য খেলা সম্প্রচারের স্বত্ব কিনে নেয়। এর বাইরে দেশের অন্যান্য বেসরকারি মাধ্যম তাদের কাছ থেকে প্রায় ৩৯ কোটি টাকায় রাইটস সাব-লাইসেন্স করে। এর মধ্যে টি-স্পোর্টস ২২ কোটি এবং ট্রফি ১৭ কোটি টাকায় রাইটস কিনে নেয়। সব মিলিয়ে একটি বেসরকারি প্রতিষ্ঠানকে সুবিধা পাইয়ে দিতে জনগণের ট্যাক্সের প্রায় ১৪০ কোটি টাকার বিশাল টার্নওভারের মাধ্যমে অর্থ লোপাট করা হয়।

**সাশ্রয়ী ও শূন্য খরচের কৌশল**

সংবাদ সম্মেলনে তথ্য ও সম্প্রচার মন্ত্রী জানান, প্রধানমন্ত্রীর কঠোর নির্দেশনা ছিল- দেশের কোটি কোটি ফুটবলপ্রেমীর খেলা দেখার অধিকার নিশ্চিত করতে হবে, তবে রাষ্ট্রের করুণ অর্থনৈতিক পরিস্থিতির মধ্যে জনগণের ট্যাক্সের কোনো টাকা অপচয় করা যাবে না। তিনি আরও জানান, প্রধানমন্ত্রীর নির্দেশনা মেনে কোনো মধ্যস্বত্বভোগী ছাড়াই এবার সরাসরি ফিফার সঙ্গে লাগাতার দর-কষাকষির মাধ্যমে মাত্র ৩.৮৫ মিলিয়ন ডলার, যা বাংলাদেশি মুদ্রায় প্রায় ৪৭ কোটি টাকায় মিডিয়া রাইটস কিনেছে বিটিভি। পরবর্তীতে দেশের আরও ৪টি মাধ্যমের কাছে সাব-লাইসেন্সিং করে ব্যয়ের প্রায় পুরো টাকাই তুলে আনা সম্ভব হয়েছে। বর্তমানে মাত্র ৪ থেকে ৫ কোটি টাকার মতো সামান্য ঘাটতি রয়েছে, যা বিজ্ঞাপন ও রেভিনিউ শেয়ারিংয়ের মাধ্যমে সমন্বয় করে চূড়ান্তভাবে শূন্যে নামিয়ে আনা সম্ভব হবে বলে আশা করেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী। জহির উদ্দিন স্বপন বলেন, ”ফুটবলের প্রতি দেশের তরুণ প্রজন্মের যে বিপুল আবেগ ও আগ্রহ রয়েছে, তাকে জিম্মি করে বিগত সরকার দুর্নীতির হাতিয়ার বানিয়েছিল। যেমনটি করা হয়েছিল বিদ্যুৎখাতের চাহিদাকে জিম্মি করে ইনডেমনিটি আইনের মাধ্যমে। ২০২২ সালের দুর্নীতির সঙ্গে ২০২৬ সালের তারেক রহমান সরকারের এই সফল ও সাশ্রয়ী পারফরম্যান্স তুলনা করলেই জনগণের কাছে সব পরিষ্কার হয়ে যাবে।„ তথ্য ও সম্প্রচার মন্ত্রী জানান, বিটিভির মহাপরিচালকের নেতৃত্বে কর্মকর্তা-কর্মচারীরা অক্লান্ত পরিশ্রম করে সফলভাবে খেলা সম্প্রচার সম্পন্ন করেছেন। দর-কষাকষির পর্বে সঠিক তথ্য দিয়ে বিটিভি ও মন্ত্রণালয়কে সহযোগিতা করার জন্য দেশের স্পোর্টস রিপোর্টার, বাংলাদেশ ফুটবল ফেডারেশন এবং তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ও প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার উপদেষ্টাকে ধন্যবাদ জানান তিনি। তিনি বলেন, আজ খেলা শেষ হওয়ার মধ্য দিয়ে এই পর্ব সমাপ্ত হচ্ছে। তবে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এখন থেকেই পরিকল্পনা শুরু করবে যেন আগামী বিশ্বকাপগুলোতে এই সম্প্রচার প্রক্রিয়াকে শুধু জিরো কস্ট নয়, বরং আরও উন্নত প্রযুক্তি ব্যবহার করে একটি লাভজনক জায়গায় রূপান্তর করা যায়।

(রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ আসাদ)

## গণমাধ্যম তোষামদি করুক, সেটা আমরা চাই না : মির্জা ফখরুল

গণমাধ্যম যেন তোষামদির সংস্কৃতিতে না জড়ায়- এমন প্রত্যাশা ব্যক্ত করেছেন বিএনপির মহাসচিব ও স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, ”কেন জানি জাতিগতভাবে আমরা তোষামোদি থেকে বেরিয়ে আসতে পারছি না। গণমাধ্যম তোষামদি করুক, সেটা আমরা চাই না।„ রোববার রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ-এ আয়োজিত `জুলাই শহিদ সাংবাদিক সম্মাননা, অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। জুলাই শহিদ সাংবাদিকদের স্মরণ করে মির্জা ফখরুল বলেন, ”শহিদদের স্বজনেরা যখন আমাদের সামনে দাঁড়ান, তখন নিজেদের খুব অপরাধী মনে হয়। শহিদ সাংবাদিকদের প্রতি আমাদের দায়িত্ব অনেক। তাদের পরিবারের কষ্ট লাঘবে দ্রুত কিছু ব্যবস্থা নেওয়ার চেষ্টা করছি।„ তিনি আরও বলেন, ”বিগত সরকারের আমলে বিএনপির ৬০ লাখ নেতাকর্মীর নামে মামলা ছিল।„ একাত্তরের প্রসঙ্গ টেনে বিএনপি মহাসচিব বলেন, ”একাত্তরে যারা এ দেশের দায়িত্ব নিয়েছিল, তারা নির্লজ্জভাবে বাংলাদেশের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছে।„ (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ আসাদ)

## দলীয় প্রতীকে এবার স্থানীয় নির্বাচন হবে না : রিজভী

বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর নেতৃত্বে তিন সদস্যের প্রতিনিধি দল রোববার ইসি সচিবালয়ে দলের বার্ষিক আয় ও ব্যয়ের হিসাব জমা দিয়েছেন। এ সময় সংবাদ সম্মেলনে অংশ নিয়ে তিনি আসন্ন স্থানীয় নির্বাচনের বিষয়ে জানান, দলীয় প্রতীকে এবার স্থানীয় নির্বাচন হবে না। রোববার বেলা ১২টার পর আনুষ্ঠানিকভাবে

এ হিসাব জমা দিয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে এ কথা বলেন তিনি। এ সময় সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, ”নির্বাচনি আইন অনুযায়ী নিবন্ধিত রাজনৈতিক দলগুলোকে প্রতি বছর নির্বাচন কমিশনে তাদের বার্ষিক আয়-ব্যয়ের হিসাব জমা দিতে হয়। গণতান্ত্রিক রাজনৈতিক দল হিসেবে বিএনপিও নিয়মিতভাবে এ হিসাব নির্বাচন কমিশনে জমা দিয়ে আসছে।„ এবছরও দলের প্রতিনিধি হিসেবে তিনি কমিশনে এসে হিসাব জমা দিয়েছেন। স্থানীয় সরকার নির্বাচনে আওয়ামী লীগের অংশগ্রহণ নিয়ে তিনি বলেন, ”এবারের স্থানীয় সরকার নির্বাচন নির্দলীয়। নির্বাচনে অংশ নেবে বা নেবে না, সেটি আদালত ও নির্বাচন কমিশনের বিষয়।„ অন্য কোনো রাজনৈতিক দল কী বলছে, তা বিএনপির দেখার বিষয় নয় বলেও জানান তিনি। (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ আসাদ)

## পাঁচটি জেলায় আকস্মিক বন্যার সতর্কতা জারি করেছে পাউবো

দেশের উত্তর ও পূর্বাঞ্চলের নদ-নদীর পানি ক্রমান্বয়ে বাড়ছে। সিলেট ও সুনামগঞ্জের পর এবার উত্তরাঞ্চলের পাঁচটি জেলায় আকস্মিক বন্যার সতর্কতা জারি করেছে পানি উন্নয়ন বোর্ড। একইসঙ্গে আগামী কয়েকদিনে দেশের আরও বেশ কিছু জেলার নিম্নাঞ্চল প্লাবিত হওয়ার শঙ্কা প্রকাশ করা হয়েছে। রোববার এক ব্রিফিংয়ে দেশের বন্যা পরিস্থিতির এই হালনাগাদ তথ্য জানান পানি উন্নয়ন বোর্ড পাউবোর বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের নির্বাহী প্রকৌশলী সরদার উদয় রায়হান। বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র জানায়, বর্তমানে সিলেট ও সুনামগঞ্জের কুশিয়ারা নদী দুটি পয়েন্টে বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। আগামী ৪৮ ঘণ্টায় দেশের উত্তরাঞ্চলের তিস্তা, ধরলা ও দুধকুমার নদীর পানি দ্রুত বাড়তে পারে। এর ফলে লালমনিরহাট, নীলফামারী, রংপুর, গাইবান্ধা ও কুড়িগ্রাম জেলায় আকস্মিক বন্যা দেখা দেওয়ার আশঙ্কা রয়েছে। এর পাশাপাশি নেত্রকোণার সোমেশ্বরী নদীর পানিও কিছু কিছু স্থানে বিপৎসীমা অতিক্রম করতে পারে বলে পূর্বাভাসে বলা হয়েছে। এদিকে ব্রহ্মপুত্র-যমুনা নদীর পানি বৃদ্ধির পূর্বাভাস দিয়ে পানি উন্নয়ন বোর্ড জানিয়েছে, আগামী ২০ থেকে ২৪ জুলাইয়ের মধ্যে ব্রহ্মপুত্র-যমুনার পানি অববাহিকায় নদীগুলোর পানি বিপৎসীমার কাছাকাছি বা ওপরে চলে যেতে পারে। এর ফলে জামালপুর ও বগুড়াসহ আশপাশের ছয়টি জেলার নিম্নাঞ্চল প্লাবিত হওয়ার শঙ্কা রয়েছে। পাউবোর কর্মকর্তারা জানান, নদীগুলোর পানি পরিস্থিতি সার্বক্ষণিক পর্যবেক্ষণ করা হচ্ছে এবং সংশ্লিষ্ট এলাকার প্রশাসনকে সতর্ক থাকার পরামর্শ দেওয়া হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ আসাদ)

## পাসপোর্টে যুক্ত হচ্ছে আবু সাঈদ-মুগ্ধ-ওয়াসিমের ছবি

বাংলাদেশের সাধারণ পাসপোর্টে যুক্ত করা হচ্ছে জুলাই শহিদ আবু সাঈদ, মীর মাহফুজুর রহমান মুগ্ধ ও মোহাম্মদ ওয়াসিমের ছবি। রবিবার স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, পাসপোর্টের ভেতরের পাতার জলছাপ পরিবর্তন করে সেখানে যুক্ত করা হচ্ছে জুলাই গণ-অভ্যুত্থানের শহিদ আবু সাঈদ, মুগ্ধ ও ওয়াসিমের ছবি। নতুন এই পরিবর্তনের অংশ হিসেবে পাসপোর্টের পৃষ্ঠাগুলোতে দেশের ঐতিহ্য ও ইতিহাসের নানা অনুষঙ্গ যুক্ত করা হয়েছে। এর মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য বিষয় হলো ই-পাসপোর্টের ৩২ ও ৩৩ নম্বর পৃষ্ঠায় জলছাপ হিসেবে যুক্ত হচ্ছে ২০২৪ সালের জুলাই গণ-অভ্যুত্থানের স্মৃতি। আবু সাঈদ, মুগ্ধ কিংবা ওয়াসিমদের মতো তরুণদের আত্মত্যাগের সেই গণ-অভ্যুত্থানের ঐতিহাসিক মুহূর্তটি এবার ঠাঁই পাচ্ছে বাংলাদেশের নাগরিকদের আন্তর্জাতিক এই ভ্রমণ নথিতে। অনুমোদিত নতুন নকশা অনুযায়ী, পাসপোর্টের বিভিন্ন পৃষ্ঠায় জাতীয় স্মৃতিসৌধ, শহিদ মিনার, জাতীয় সংসদ ভবন, সুপ্রিম কোর্টের পাশাপাশি স্থান পেয়েছে কান্তজিউ মন্দির, লালবাগ দুর্গ, পানামনগর ও কার্জন হলের মতো ঐতিহাসিক স্থাপনা। এ ছাড়া প্রাকৃতিক ঐতিহ্যের অংশ হিসেবে ঝাউবনসহ কক্সবাজার সমুদ্রসৈকত, সুন্দরবন, টাঙ্গুয়ার হাওর ও নীলগিরির ছবি জলছাপ হিসেবে ব্যবহার করা হবে। জাতীয় ফুল শাপলা, পাখি দোয়েল, মাছ ইলিশ ও ফল কাঁঠালের পাশাপাশি স্থান পেয়েছে শিল্পাচার্য জয়নুল আবেদিনের বিখ্যাত চিত্রকর্ম সংগ্রাম। প্রজ্ঞাপনে জানানো হয়েছে, পাসপোর্টের ডাটা পেজে আগের মতোই ইসরায়েল ব্যতীত বিশ্বের সব দেশের জন্য এটি বৈধ থাকার বিষয়টি বহাল থাকছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় এই সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের জন্য বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার নির্দেশনা দিয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ আসাদ)

## ১০টি উড়োজাহাজ লিজ নেওয়ার পরিকল্পনা বিমানের

আন্তর্জাতিক রুট সম্প্রসারণ ও যাত্রী বহনের সক্ষমতা বাড়াতে ২০২৭ সালের মধ্যে ১০টি উড়োজাহাজ লিজ নেওয়ার পরিকল্পনা করেছে বিমান বাংলাদেশ এয়ারলাইনস। নতুন কেনা ১৪টি বোয়িং উড়োজাহাজ ২০৩১ সাল থেকে বিমান বহরে যুক্ত হবে। তবে তার আগ পর্যন্ত সক্ষমতার ঘাটতি পূরণে এই পদক্ষেপ নেওয়া হয়েছে। আজ বেসামরিক বিমান চলাচল ও পর্যটন প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত বাসসকে বলেন, ”আমরা এ বছরের মধ্যে ১০টি উড়োজাহাজ লিজ নেওয়ার পরিকল্পনা করছি। এর ফলে আমরা বিভিন্ন আন্তর্জাতিক রুটে ফ্লাইটের সংখ্যা বাড়াতে পারব। পাশাপাশি নতুন গন্তব্যে সেবা সম্প্রসারণ করাও সম্ভব হবে।„ তিনি জানান, রাষ্ট্রীয় পতাকাবাহী এই সংস্থা প্রাথমিকভাবে তিনটি উড়োজাহাজ লিজ নেওয়ার পরিকল্পনা করেছে। তবে কার্যক্রমের প্রয়োজনীয়তা এবং রুট সম্প্রসারণের কৌশলের ওপর ভিত্তি করে এই সংখ্যা বাড়তে পারে। এ উদ্যোগ বাস্তবায়িত হলে বিমানের বর্তমান ১৯টি উড়োজাহাজের বহর

২০২৭ সালের মধ্যে বেড়ে ২৯টিতে দাঁড়াতে পারে, যা ৫২ দশমিক ৬ শতাংশ বৃদ্ধি এবং সংস্থাটির স্বল্পমেয়াদে সবচেয়ে বড়ো সক্ষমতা সম্প্রসারণগুলোর একটি। মিল্লাত বলেন, লিজ প্রক্রিয়ায় স্বচ্ছতার ওপর বিশেষ জোর দিচ্ছে সরকার। এই প্রক্রিয়া তদারকির জন্য একজন আন্তর্জাতিক পরামর্শক নিয়োগের পদক্ষেপও নেওয়া হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ আসাদ)

**ট্রাফিক আইন লঙ্ঘনে ডিএমপির ১৮৭০ মামলা**

রাজধানীর বিভিন্ন এলাকায় ট্রাফিক আইন লঙ্ঘনকারীদের বিরুদ্ধে অভিযান চালিয়ে ১৮৭০টি মামলা করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশের ট্রাফিক বিভাগ। আজ রোববার ডিএমপির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এর আগে, গতকাল শনিবার ডিএমপির ট্রাফিক বিভাগ রাজধানীর বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে এসব মামলা করে। এতে বলা হয়, ট্রাফিক-রমনা বিভাগে ১১টি বাস, ১টি ট্রাক, ৬টি সিএনজি ও ৩৪টি মোটরসাইকেলসহ মোট ৯৫টি মামলা হয়েছে। ট্রাফিক-লালবাগ বিভাগে ৬টি বাস, ৪টি ট্রাক, ২৩টি সিএনজি ও ৮০টি মোটরসাইকেলসহ মোট ১৩৬টি মামলা হয়েছে। ট্রাফিক-মতিঝিল বিভাগে ১৯টি বাস, ১টি ট্রাক, ১৩টি কাভার্ডভ্যান, ৮৭টি সিএনজি ও ১৩৬টি মোটরসাইকেলসহ মোট ৩০০টি মামলা হয়েছে। ট্রাফিক-ওয়ারী বিভাগে ২৬টি বাস, ২৩টি ট্রাক, ৩২টি কাভার্ডভ্যান, ৪৩টি সিএনজি ও ১০৭টি মোটরসাইকেলসহ মোট ৩০৭টি মামলা হয়েছে।অপরদিকে, ট্রাফিক-তেজগাঁও বিভাগে ১২টি বাস, ৭টি ট্রাক, ১৪টি কাভার্ডভ্যান, ৬১টি সিএনজি ও ৮৮টি মোটরসাইকেলসহ মোট ২৩০টি মামলা হয়েছে। ট্রাফিক-মিরপুর বিভাগে ৯টি বাস, ১৪টি ট্রাক, ২৮টি কাভার্ডভ্যান, ৩৭টি সিএনজি, ১৮১টি মোটরসাইকেলসহ মোট ৩১৪টি মামলা হয়েছে। ট্রাফিক-উত্তরা বিভাগে ২৭টি বাস, ৯টি ট্রাক, ৯টি কাভার্ডভ্যান, ৫৩ টি সিএনজি ও ৯৬টি মোটরসাইকেলসহ মোট ২৮৫টি মামলা হয়েছে। ট্রাফিক-গুলশান বিভাগে ১৭টি বাস, ২টি ট্রাক, ৯টি কাভার্ডভ্যান, ৪৫টি সিএনজি ও ৬০টি মোটরসাইকেলসহ মোট ২০৩টি মামলা হয়েছে। এছাড়াও অভিযানকালে মোট ৪৯৩টি গাড়ি ডাম্পিং ও ২৭৩টি গাড়ি রেকার করা হয়েছে। ঢাকা মহানগর এলাকায় ট্রাফিক শৃঙ্খলা রক্ষায় ডিএমপির ট্রাফিক বিভাগের অভিযান অব্যাহত থাকবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়। (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ আসাদ)

**চীনের বিশ্ব এআই সম্মেলনে অংশ নিয়েছেন বাংলাদেশের তথ্যপ্রযুক্তি মন্ত্রী**

চীনের শাংহাইয়ে শুরু হওয়া চার দিনব্যাপী ‍`বিশ্ব কৃত্রিম বুদ্ধিমত্তা সম্মেলন,-এ অংশ নিয়েছেন বাংলাদেশের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মন্ত্রী ফকির মাহবুব আনাম। ১৭ জুলাই শুরু হওয়া এ সম্মেলনে বিশ্বের বিভিন্ন দেশের সরকারপ্রধান, নীতি-নির্ধারক, প্রযুক্তি খাতের নেতা, গবেষক, উদ্ভাবক এবং শীর্ষ প্রযুক্তি প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশ নিচ্ছেন। সম্মেলনটি চলবে ২০ জুলাই পর্যন্ত। শুক্রবার সম্মেলনের উদ্বোধন করেন চীনের প্রেসিডেন্ট সি জিন পিং। উদ্বোধনী অনুষ্ঠানে কাজাখস্তানের প্রেসিডেন্ট, থাইল্যান্ড ও কম্বোডিয়ার প্রধানমন্ত্রী এবং জাতিসংঘের মহাসচিব বক্তব্য দেন। সম্মেলনে কৃত্রিম বুদ্ধিমত্তার ভবিষ্যৎ, উদীয়মান প্রযুক্তি, এআই শাসন, উদ্ভাবন, ডিজিটাল রূপান্তর এবং টেকসই উন্নয়ন নিয়ে বিভিন্ন অধিবেশনে আলোচনা হচ্ছে।ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় থেকে জানানো হয়েছে, সম্মেলন চলাকালে মন্ত্রী মাহবুব আনাম একাধিক উচ্চপর্যায়ের অধিবেশন ও দ্বিপাক্ষিক বৈঠকে অংশ নেবেন। পাশাপাশি, বৈশ্বিক প্রযুক্তি নেতা ও নীতি-নির্ধারকদের সঙ্গে বৈঠকে বাংলাদেশের ডিজিটাল রূপান্তর, এআইভিত্তিক উদ্ভাবন, স্মার্ট গভর্ন্যান্স এবং মানবসম্পদ উন্নয়নে অগ্রগতি তুলে ধরবেন। একইসঙ্গে কৃত্রিম বুদ্ধিমত্তা, উন্নত প্রযুক্তি, গবেষণা, বিনিয়োগ ও সক্ষমতা উন্নয়নের ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতা জোরদারের সম্ভাবনা নিয়েও আলোচনা করবেন তিনি। (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ আসাদ)

**কুয়েত প্রবাসীদের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের জরুরি বার্তা**

সম্প্রতি কুয়েতের হাসাবিয়া ও আব্বাসিয়া এলাকার কয়েকটি ঝুঁকিপূর্ণ ভবনে বসবাসরত বাংলাদেশিসহ বিভিন্ন দেশের প্রবাসীদের কুয়েত সরকার নিরাপত্তাজনিত কারণে সরিয়ে নেওয়ার বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ের দৃষ্টিগোচর হয়েছে। রোববার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব কথা জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, পররাষ্ট্র মন্ত্রণালয় কুয়েতের বাংলাদেশ দূতাবাসের সঙ্গে যোগাযোগ করে জানতে পেরেছে যে, সম্ভাব্য দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে কুয়েত সরকার সংশ্লিষ্ট ঝুঁকিপূর্ণ ভবনগুলো থেকে বাসিন্দাদের সরিয়ে হাসাবিয়া এলাকায় অবস্থিত খাদিজা বিনতে জাবের স্কুলে অস্থায়ী আশ্রয়ের ব্যবস্থা করেছে। বাংলাদেশের রাষ্ট্রদূত এবং দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তারা ইতোমধ্যে একাধিকবার অস্থায়ী আশ্রয়কেন্দ্র পরিদর্শন করে সেখানে অবস্থানরত বাংলাদেশি নাগরিকদের খোঁজ-খবর নিয়েছেন এবং তাদের প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান করেছেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ আসাদ)

**২০২৫-২৬ অর্থবছরে রেলের মোট লোকসান ১৮৮৯ কোটি টাকা**

২০২৫-২৬ অর্থবছরে বাংলাদেশ রেলওয়ের মোট লোকসান দাঁড়িয়েছে ১ হাজার ৮৮৯ কোটি ৬২ লাখ টাকা। সংস্থাটি মোট ২ হাজার ৬৬ কোটি ৩৮ লাখ টাকা আয় করলেও, পরিচালন ব্যয় হয়েছে ৩ হাজার ৯৫৫ কোটি টাকা। রবিবার বাংলাদেশ রেলওয়ের পরিচালক আনিসুর রহমানের পাঠানো এক বার্তা থেকে এ তথ্য জানা গেছে। তবে আগের

অর্থবছরের তুলনায় আয় ও ব্যয়ের অনুপাত কিছুটা উন্নত হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে আয় ছিল ১ হাজার ৮৪৫ কোটি টাকা। ২০২৫-২৬ অর্থবছরে আয় মোট ২ হাজার ৬৬ কোটি ৩৮ লাখ টাকা। অর্থাৎ এক বছরে রেলের আয় বেড়েছে ২২১ কোটি টাকার বেশি। বিজ্ঞপ্তিতে বলা হয়, নানা প্রতিকূলতা সত্ত্বেও বিভিন্ন উদ্যোগ ও প্রচেষ্টার ফলে গত অর্থবছরে রেলওয়ের আয় বৃদ্ধি পেয়েছে। সবচেয়ে বেশি আয় বেড়েছে যাত্রী পরিবহণ খাতে। ২০২৪-২৫ অর্থবছরের তুলনায় ২০২৫-২৬ অর্থবছরে এ খাতে আয় বেড়েছে ২৫৬ কোটি টাকা। তবে ইঞ্জিন সংকটের কারণে মালামাল পরিবহণ খাতে আয় কমেছে ৮ কোটি ৩৪ লাখ টাকা। অন্যদিকে, ভূ-সম্পত্তি খাতে ৩ কোটি টাকা এবং অপটিক্যাল ফাইবার লিজ থেকে ১১ কোটি ৫২ লাখ টাকা বেশি আয় হয়েছে। এছাড়া পরিবহণ ও বাণিজ্যিক খাতে ভেন্ডিং লাইসেন্স এবং বিবিধ উৎস থেকে মোট আয় কমেছে প্রায় ২৪ কোটি ৩৪ লাখ টাকা। রেলওয়ের পরিচালন ব্যয়ের মধ্যে বেতন-ভাতা, পেনশন, রেলপথ ও রোলিং স্টকের রক্ষণাবেক্ষণসহ বিভিন্ন খাত অন্তর্ভুক্ত রয়েছে। এসব ব্যয় বিবেচনায় ২০২৫-২৬ অর্থবছরে আয় ও ব্যয়ের অনুপাত দাঁড়িয়েছে ১ দশমিক ৯১, যা আগের অর্থবছরে ছিল ২ দশমিক ০৯। অর্থাৎ আয় ও ব্যয়ের ব্যবধান কিছুটা কমেছে। তবে বাংলাদেশ রেলওয়ের দাবি, প্রতিবছর প্রায় ১ হাজার কোটি টাকা পেনশন খাতে ব্যয় হয়, যা পরিচালন ব্যয়ের সঙ্গে যুক্ত করাকে তারা সমীচীন মনে করে না। এই ব্যয় বাদ দিলে অপারেটিং রেশিও দাঁড়ায় ১ দশমিক ৪৩। সে হিসাবে পেনশন ব্যতীতও রেলের আয়-ব্যয়ের ঘাটতি থাকে ৮৮৮ কোটি ৬২ লাখ টাকা। (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ আসাদ)

## জুলাই সনদ বাস্তবায়ন নিয়ে বিতর্কের অবসান হওয়া উচিত : মির্জা ফখরুল

জুলাই সনদ বাস্তবায়ন নিয়ে বিতর্কের অবসান হওয়া উচিত বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী এবং বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, জুলাই সনদ নিয়ে বিভ্রান্তি ছড়ানোর চেষ্টা করা হচ্ছে। আজ সকালে রাজধানীর রমনায় ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে ন্যাশনাল এডিটরস কাউন্সিলের আয়োজনে জুলাই শহীদ সাংবাদিক সম্মাননা অনুষ্ঠানে এ কথা বলেন মির্জা ফখরুল। তিনি বলেন, আলোচনার মাধ্যমে এই বিতর্ক সমাধান করতে হবে। বিরোধী দলকে সংবিধান সংশোধন কমিটিতে আসার আহ্বানও জানান তিনি। মন্ত্রী বলেন, জুলাই আন্দোলন যে নতুন রাষ্ট্র গঠনের সুযোগ সৃষ্টি করেছে, তা বাস্তবায়ন করতে হবে। আমাদের আস্থা ও বিশ্বাস আছে আমরা ন্যায় ও ইনসাফের রাষ্ট্র গঠন করতে পারবো। বিএনপি যে প্রতিশ্রুতিগুলো দিয়েছে, তা বাস্তবায়ন করার চেষ্টা করছে সরকার। তিনি আরো বলেন, আন্দোলন অনেক হয়েছে। এবার সংসদে আলোচনার মাধ্যমে পরবর্তী প্রজন্মের জন্য এমন একটা ব্যবস্থা চালু করা প্রয়োজন, যাতে আর সহিংসতার পথে যেতে না হয়। সবকিছুতে বিরোধিতার মানসিকতা. থেকে বিরোধীদলকে বেরিয়ে আসার আহ্বান জানান তিনি।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ আসাদ)

## পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টার সঙ্গে আইএলও মহাপরিচালকের সাক্ষাৎ

প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবিরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন আন্তর্জাতিক শ্রম সংস্থা আইএলও এর মহাপরিচালক গিলবার্ট এফ. হোংবো। রোববার সন্ধ্যায় রাজধানীর একটি হোটেলে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাতের শুরুতে আইএলও মহাপরিচালক জাতিসংঘের সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি পদে বাংলাদেশের নির্বাচিত হওয়ায় আন্তরিক অভিনন্দন জানান। তিনি আশা প্রকাশ করেন, বাংলাদেশের সভাপতিত্বের সময় আইএলওর সঙ্গে সহযোগিতা আরও জোরদার হবে। আলোচনায় বাংলাদেশের শ্রমখাতের সাম্প্রতিক অগ্রগতি, শিশুশ্রম পরিস্থিতি, শ্রম আইন ও প্রাতিষ্ঠানিক সংস্কার, অভিবাসী শ্রমিকদের অধিকার ও কল্যাণ নিশ্চিতকরণ এবং নিরাপদ ও নিয়মিত অভিবাসন বিষয়ে গুরুত্বারোপ করা হয়।পররাষ্ট্র উপদেষ্টা বাংলাদেশি অভিবাসী শ্রমিকদের অধিকার, নিরাপত্তা ও কল্যাণ নিশ্চিতকরণে আইএলওর অব্যাহত সহযোগিতা কামনা করেন। একইসঙ্গে শ্রমখাতের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি, দক্ষতা উন্নয়ন এবং আন্তর্জাতিক শ্রমমান বাস্তবায়নে আইএলওর কারিগরি সহায়তা অব্যাহত রাখার আহ্বান জানান ।আইএলও মহাপরিচালক বাংলাদেশের শ্রমখাতে সাম্প্রতিক অগ্রগতি এবং শিশুশ্রম হ্রাসে সরকারের উদ্যোগের প্রশংসা করেন। তিনি ভবিষ্যতেও এ খাতে আইএলওর সহযোগিতা অব্যাহত থাকবে বলে আশ্বস্ত করেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ আসাদ)

## বাংলাদেশের শ্রম খাত সংস্কারে পাশে থাকবে আইএলও

বাংলাদেশের শ্রম খাতের সংস্কার, ইপিজেডসহ সব কর্মক্ষেত্রে সংগঠনের স্বাধীনতা নিশ্চিত, আন্তর্জাতিক শ্রমমান বজায় রাখা এবং অভিবাসী শ্রমিকদের সুরক্ষায় সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস দিয়েছে আন্তর্জাতিক শ্রম সংস্থা। পাশাপাশি আগামী অক্টোবরের প্রস্তাবিত যৌথ মিশনসহ নীতিগত ও কারিগরি সহায়তা অব্যাহত রাখার কথাও জানিয়েছে সংস্থাটি। রোববার বাংলাদেশ সচিবালয়ে শ্রম ও কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরীর সঙ্গে আইএলও মহাপরিচালক গিলবার্ট হোংবোর দ্বিপক্ষীয় বৈঠকে এসব বিষয় উঠে আসে। বৈঠকে বাংলাদেশের শ্রম খাতের আধুনিকায়ন, শ্রম আইন সংস্কার, নতুন কর্মসংস্থান সৃষ্টি এবং আন্তর্জাতিক শ্রমমান নিশ্চিত করতে দ্বিপক্ষীয় সহযোগিতা আরও জোরদারের বিষয়ে আলোচনা হয়। শ্রমমন্ত্রী আরিফুল হক চৌধুরী বলেন, বর্তমান সরকার শ্রমিকদের অধিকার

রক্ষা ও নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি জানান, আন্তর্জাতিক শ্রমমানের সঙ্গে সামঞ্জস্য রেখে বাংলাদেশ শ্রম সংশোধন আইন, ২০২৬ প্রণয়ন করা হয়েছে। এছাড়া এশিয়ার প্রথম দেশ হিসেবে বাংলাদেশ আইএলওর ১০টি মৌলিক কনভেনশন অনুসমর্থন করেছে। মন্ত্রী আরও জানান, শ্রম বিধিমালা সংশোধন, ত্রিপক্ষীয় ন্যাশনাল সোশ্যাল ডায়ালগ ফোরাম, গঠন, বিকল্প বিরোধ নিষ্পত্তি ব্যবস্থা, ডিজিটাল কেস ম্যানেজমেন্ট চালু এবং শ্রমিকদের জন্য সমন্বিত সামাজিক নিরাপত্তা বেষ্টনী গড়ে তোলার উদ্যোগ চলছে। একইসঙ্গে দেশে ও বিদেশে কর্মসংস্থান বাড়াতে নতুন কর্মসংস্থান অধিদপ্তর প্রতিষ্ঠার কাজও এগিয়ে যাচ্ছে।

(রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ আসাদ)

## বাংলাদেশি শিক্ষার্থীদের বছরে ৫০০ শিক্ষাবৃত্তি দেয় সৌদি আরব

সৌদি আরবের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েট ও অধ্যয়নরত বাংলাদেশি শিক্ষার্থীদের প্রীতি সম্মিলন অনুষ্ঠিত হয়েছে। শনিবার রাজধানীর একটি হোটেলে সৌদি বিশ্ববিদ্যালয় প্রাক্তন ছাত্র সমিতির আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি ড. মো. সাইফুল্লাহ। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশে নিযুক্ত সৌদি দূতাবাসের ডেপুটি অ্যাম্বাসেডর খালিদ সাঈদ আলে হাদাল। বিশেষ অতিথির বক্তব্য দেন বিএনপি চেয়ারম্যানের মধ্যপ্রাচ্যবিষয়ক উপদেষ্টা ড. মোহাম্মদ এনামুল হক চৌধুরী এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ শামছুল আলম। প্রীতি সম্মিলনে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত উচ্চপদস্থ কর্মকর্তা, সৌদি আরবের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী এবং বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। প্রধান অতিথির বক্তব্যে ডেপুটি অ্যাম্বাসেডর খালিদ সাঈদ আলে হাদাল বলেন, বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যে দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ ও আন্তরিক সম্পর্ক বিদ্যমান। এই সম্পর্কের অংশ হিসেবে সৌদি সরকার প্রতিবছর বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে প্রায় পাঁচ শতাধিক শিক্ষাবৃত্তির সুযোগ প্রদান করে থাকে। তিনি আশা প্রকাশ করেন, সৌদি আরবে উচ্চশিক্ষা অর্জনকারী শিক্ষার্থীরা দেশে ফিরে ইসলামের সঠিক ও ভারসাম্যপূর্ণ বার্তা মানুষের কাছে পৌঁছে দেওয়ার পাশাপাশি দেশের উন্নয়ন ও মানবসম্পদ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১৯.০৭.২০২৬ আসাদ)

# BBC

## US AND IRAN EXCHANGE STRIKES AFTER TWO US SOLDIERS KILLED IN JORDAN

The US launched another round of air strikes against Iran on Saturday night, targeting its coastal surveillance and air defence facilities, US military officials said. Iranian state media said Qeshm Island in the Strait of Hormuz had been struck. Centcom said it also targeted Iran's Revolutionary Guard Corps (IRGC) responsible for the attack that killed two US troops in Jordan on Friday, where another service member remains missing. In response to the latest strikes, Iran's army said it carried out drone attacks on two US bases in Kuwait, according to state media. Bahrain has said it intercepted aerial attacks. The US and Iran have ramped up attacks against each other in recent days, with both sides accused of striking critical infrastructure. Washington has also reimposed its blockade of Iranian ports and Tehran has declared the Strait of Hormuz closed, as their preliminary ceasefire collapsed less than a month after it began. (BBC News Web Page: 19/07/26, FARUK)

## RUSSIA LAUNCHES MAJOR BALLISTIC MISSILE ATTACK ON UKRAINIAN CITIES

Russia has carried out a wave of ballistic missile strikes on Ukrainian cities, killing four people and wounding at least 36, officials say. Three people were killed and 20 injured in the eastern city of Kharkiv, while one person died and 16 were hurt in the capital Kyiv. Ukrainian President Volodymyr Zelensky described the raid on Kyiv as "one of the most massive ballistic attacks" on the capital since the start of Russia's full-scale invasion. Meanwhile Ukraine has continued its assault on Russian sites. Three Russian oil tankers in the Black Sea were hit, as well as facilities in the southwestern Stavropol region, Zelensky said. A number of areas in the Kyiv region were hit overnight. The Ukrainian military said air defences in the capital had shot down 18 out of 41 missiles. The systems also intercepted 108 drones. (BBC News Web Page: 19/07/26, FARUK)

## NEW EU BORDER SYSTEM TRIPLING TIME AT PASSPORT CONTROL: AIRPORT BOSS

The EU's new border system has nearly tripled the time it's taking for Brits to get through passport control even after improvements have been made, a boss at Rome's main airport has said. It comes as Ryanair had warned passengers traveling to Europe this summer to prepare for extended waits. Border police at Portugal's Faro airport also told the BBC the Entry Exit System technology suffered from bugs, but insisted any queues there would go

down quickly. The European Commission (EC) has said in most EU airports disruption is limited, and added that it will continue to support member states in the system's implementation. It added: "This support will continue to the fullest extent possible." The digital Entry Exit System (EES) requires non-EU citizens entering the Schengen area - made up of 29 European countries - to register fingerprints and a photo when they arrive. The information is checked as they leave. (BBC News Web Page: 19/07/26, FARUK)

**FERRY CARRYING 116 PASSENGERS SINKS OFF GUYANA COAST: AUTHORITIES**

A ferry carrying 116 passengers has sunk off the coast of Guyana with 53 people so far rescued, local authorities have said. The MV Barima capsized near Iron Punt, on its route from Georgetown to Port Kaituma. A distress call was received at 23:01 local time, triggering an urgent search operation involving state and private boats, Public Works Minister Juan Edghill said in a statement posted on social media. The state of the operation is currently unclear and it is not known whether authorities expect to rescue the remaining passengers. The MV Barima was built in 1939 and is 40m long, according to a listing on VesselFinder. Edghill said it was fitted with 250 life jackets, two rigid life crafts and six inflatable life crafts. Prime Minister Mark Phillips is said to be leading the government response.
(BBC News Web Page: 19/07/26, FARUK)

**HUNGARY'S PRESIDENT AGREES TO STAND DOWN AFTER PARLIAMENT BACKS REMOVAL**

Hungarian President Tamas Sulyok has agreed to step down, signing an amendment to the country's constitution which will end his presidency at midnight on Sunday. Prime Minister Peter Magyar's Tisza party had steamrolled the law change through parliament to oust Sulyok - widely seen as a loyalist of former prime minister Viktor Orban who lost power in April after 16 years. Sulyok had five days to sign the amendment or risk a protracted constitutional crisis and impeachment proceedings. He confirmed he would agree to the law change as the deadline passed on Saturday evening, but in a statement accused Magyar's government of violating the rule of law. He said the amendment marked a "breaking point in Hungarian constitutional democracy" and said the "core values of a free society... have been trampled underfoot for the sake of political power".
(BBC News Web Page: 19/07/26, FARUK)

**INDIA'S GANESH IDOL MAKERS COUNT THE COST OF DEVASTATING FLOODS**

Standing among the broken remains of hundreds of clay idols in his workshop in India's Raigad district, sculptor Dilip Mhatre struggles to hold back his emotions. Just weeks before Ganesh Chaturthi, one of the country's biggest religious festivals honouring the Hindu deity Ganesha, floods have destroyed six months of his work. The 40-year-old had completed about 500 clay idols of the elephant-headed god, worth around 8,00,000 rupees, which were due to be delivered across the western state of Maharashtra, where Raigad is located, over the coming weeks. "But the flood washed everything away," he says. "We have no idols, no moulds and no raw material. We don't know how we'll fulfil the orders now." Mhatre's loss is part of a wider crisis unfolding in Raigad. Every year, millions of families and community groups install clay idols of Ganesha during Ganesh Chaturthi before immersing them in water at the end of the celebrations. (BBC News Web Page: 19/07/26, FARUK)

**SEVEN MORE PEOPLE RESCUED AFTER BOAT SINKS IN INDONESIA, 18 STILL MISSING**

Rescuers in Indonesia have found seven people including a seven-year-old girl who were stranded at sea for days after their boat sank south of Sulawesi, and are searching for at least 18 others who are still missing. Five survivors - one man, three women and the girl - were located by a fishing boat before dark on Saturday near the island of Matallang and taken to a search-and-rescue vessel. They had stayed afloat by clinging to a fish trap and buoyant debris after the KM Nurul Salsa suffered engine failure and sank on Wednesday with 78 passengers and crew members on board. Two more survivors - a man and a woman, were found on an uninhabited island on Sunday - a rescue official said. Those rescued said that four others who had been on the vessel with them did not survive.
(BBC News Web Page: 19/07/26, FARUK)

**:: THE END ::**